




সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা



পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুন ২০২২



সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ,
অনুমোদন ও সংশোধন নির্দেশিকা

পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুন ২০২২

সূচিপত্র

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা

অনুচ্ছেদ	শিরোনাম	পৃষ্ঠা
	বিনিয়োগ প্রকল্প, সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, বৈদেশিক অর্থায়নে প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ পদ্ধতি	
১.	বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়ন	১-৮
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা পর্যায়ে বিনিয়োগ প্রকল্প যাচাই	৮-৯
৩.	বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন ও অনুমোদন	৯-১৩
৪.	বিনিয়োগ প্রকল্প সংশোধন	১৪-১৬
৫.	বিনিয়োগ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি	১৭-১৮
৬.	সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প	১৯-২১
৭.	বৈদেশিক অর্থায়নের জন্য প্রাথমিক প্রকল্প প্রস্তাব	২১-২২
	কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প প্রক্রিয়াকরণ পদ্ধতি	
৮.	কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প	২২-২৫
৯.	কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সংশোধন	২৫-২৬
১০.	কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি	২৭-২৮
	নিজস্ব অর্থায়নে প্রকল্প গ্রহণ ও অনুমোদন প্রক্রিয়াকরণ পদ্ধতি	
১১.	স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহ কর্তৃক শতভাগ নিজস্ব অর্থায়নে বিনিয়োগ প্রকল্প গ্রহণ ও অনুমোদন	২৮-৩০
১২.	স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থে প্রকল্প গ্রহণ ও অনুমোদন	৩০-৩১
	সেক্টর কর্মসূচি প্রক্রিয়াকরণ পদ্ধতি	
১৩.	সেক্টর কর্মসূচি (SWAp) প্রণয়ন, অনুমোদন ও সংশোধন	৩১-৩২
	আঞ্চলিক ও বেসরকারি খাতের কারিগরি সহায়তা প্রকল্প প্রক্রিয়াকরণ পদ্ধতি	
১৪.	আঞ্চলিক/বৈশ্বিক (Regional/Global) কারিগরি সহায়তা প্রকল্প	৩২
১৫.	বেসরকারি খাতের কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন	৩২

অনুচ্ছেদ	শিরোনাম	পৃষ্ঠা
----------	---------	--------

বিবিধ বিষয়াবলি

১৬.	অনুমোদন পত্র ও প্রশাসনিক আদেশ জারি	৩২-৩৪
১৭.	একনেক-কে অবহিতকরণ	৩৪
১৮.	প্রকল্পের বিশেষ সংশোধন এবং প্রকল্পের অনুমোদিত কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা	৩৫-৩৬
১৯.	আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়, অর্থনৈতিক কোড/সাব-কোড সংশোধন/অন্তর্ভুক্তি এবং প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ব্যবহার	৩৬-৩৮
২০.	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এবং দুর্নীতি দমন কমিশনের আওতায় গৃহীত/বাস্তবায়নামীন প্রকল্প	৩৮
২১.	সাধারণ বিষয়	৩৮-৪৪

সংযোজনী

	প্রকল্প ছকসমূহ	পৃষ্ঠা
সংযোজনী ক	সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ছক (বাংলা)	৪৫-৫২
সংযোজনী খ	সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ছক (ইংরেজি)	৫৩-৬০
সংযোজনী গ	উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)	৬১-৭৬
সংযোজনী ঘ	Development Project Proposal (DPP)	৭৭-৯৩
সংযোজনী ঙ	সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (আরডিপিপি)	৯৪-১০৬
সংযোজনী চ	Revised Development Project Proposal (RDPP)	১০৭-১১৮
সংযোজনী ছ	Technical Assistance Project Proposal (TAPP)	১১৯-১৩৩
সংযোজনী জ	কারিগরি প্রকল্প প্রস্তাব (টিপিপি)	১৩৪-১৪৭
সংযোজনী ঝ	Revised Technical Assistance Project Proposal (RTAPP)	১৪৮-১৫৫
সংযোজনী ঞ	সংশোধিত কারিগরি প্রকল্প প্রস্তাব (আরটিপিপি)	১৫৬-১৬৩
সংযোজনী ট	Project Proposal for Feasibility Study (PFS)	১৬৪-১৬৭
সংযোজনী ঠ	Revised Project Proposal for Feasibility Study (RPFS)	১৬৮-১৭৩
সংযোজনী ড	Preliminary Development Project Proposal (PDPP) for Foreign Financed Projects	১৭৪
সংযোজনী ঢ	Operational Plan (OP)	১৭৫-১৮৭
সংযোজনী ণ	Program Implementation Plan (PIP)	১৮৮-১৯৪
সংযোজনী ত	Revised Operational Plan (ROP)	১৯৫-২০৬
সংযোজনী থ	Revised Programme Implementation Plan (RPIP)	২০৭-২১৫
কমিটিসমূহের গঠন		
সংযোজনী দ	Project Scrutiny Committee	২১৬
সংযোজনী ধ	Project Evaluation Committee (PEC)	২১৭
সংযোজনী ন	Departmental Project Evaluation Committee (DPEC)	২১৮
সংযোজনী প	Special Project Evaluation Committee (SPEC)	২১৯
সংযোজনী ফ	Departmental Special Project Evaluation Committee (DSPEC)	২২০
সংযোজনী ব	প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)	২২১
সংযোজনী ভ	প্রকল্প স্ট্রয়ারিং কমিটি (পিএসসি)	২২২
সংযোজনী ম	আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি	২২৩-২২৪

	সার-সংক্ষেপ	পৃষ্ঠা
সংযোজনী য	জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভার বিবেচনার জন্য সার-সংক্ষেপ	২২৫-২২৬
সংযোজনী র	পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক বিনিয়োগ প্রকল্প অনুমোদনের জন্য সার-সংক্ষেপ	২২৭-২২৮
সংযোজনী ল	পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক সমীক্ষা প্রকল্প অনুমোদনের জন্য সার-সংক্ষেপ	২২৯
সংযোজনী শ	পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প (টিএপিপি/আরটিএপিপি) এবং কারিগরি প্রকল্প (টিপিপি/আরটিপিপি) অনুমোদনের জন্য সার-সংক্ষেপ	২৩০
সংযোজনী ষ	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প (এফএসপি/আরএফএসপি) অনুমোদনের জন্য সার-সংক্ষেপ	২৩১
সংযোজনী স	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প (টিএপিপি/আরটিএপিপি) এবং কারিগরি প্রকল্প (টিপিপি/আরটিপিপি) অনুমোদনের জন্য সার-সংক্ষেপ	২৩২
সংযোজনী হ	মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত বিনিয়োগ প্রকল্প (ডিপিপি/আরডিপিপি) একনেক-এর অবগতির জন্য উপস্থাপনের নিমিত্ত সার-সংক্ষেপ	২৩৩

কার্যপত্রের নমুনা

সংযোজনী ড	পিইসি/ডিপিইসি/এসপিইসি/ডিএসপিইসি/প্রকল্প যাচাই কমিটি (Project Scrutiny Committee) সভার কার্যপত্রের নমুনা	২৩৪-২৩৫
-----------	---	---------

প্রকল্পের অনুমোদন পত্রসমূহের নমুনা

সংযোজনী ঢ	পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রকল্প/সংশোধিত প্রকল্পের অনুমোদন	২৩৬
সংযোজনী অ	একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প/সংশোধিত প্রকল্পের অনুমোদন	২৩৭

প্রশাসনিক আদেশের নমুনা

সংযোজনী আ	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারির জন্য প্রশাসনিক আদেশ	২৩৮
-----------	--	-----

সংযোজনী ই	দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচি পরিবীক্ষণ ও সমন্বয় সাধনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জারিকৃত পরিপত্র	২৩৯-২৪৬
সংযোজনী ঙ	পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস ব্যবহারের বিষয়ে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ হতে জারিকৃত নির্দেশনা	২৪৭
সংযোজনী উ	Project Planning System (PPS) সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে DPP/TAPP প্রক্রিয়াকরণ	২৪৮
সংযোজনী ঊ	উন্নয়ন প্রকল্পের পরিচালক নিয়োগ সংক্রান্ত নিয়মাবলি	২৪৯-২৫২
সংযোজনী ঋ	বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন, উন্নয়ন প্রকল্পে বরাদ্দ/অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান, পুনঃউপযোজন, ব্যয় খাত সংশোধন এবং বরাদ্দবিহীন নতুন প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ	২৫৩-২৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সম্পর্কে পরিকল্পনা বিভাগ হতে ১০ অক্টোবর ২০১৬ তারিখে জারিকৃত পরিপত্র [স্মারক নং-২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)/২০৪] এবং এর ধারাবাহিকতায় পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত সংশোধনসমূহ বাতিলপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতি অনুসৃত হবে মর্মে সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১. বিনিয়োগ প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়ন

১.১ বাস্তবায়নকারী সংস্থা কিংবা উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায় নিতে হবে:

১.১.১ **অ্যালোকেশন অব বিজনেস-এর সাথে সঙ্গতি:** প্রকল্প প্রস্তাব প্রণয়নের সময় সরকারের অ্যালোকেশন অব বিজনেস অবশ্যই বিবেচনায় নিতে হবে। অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব অধিক্ষেত্রের মধ্যে থেকে প্রকল্প গ্রহণ করবে। একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে প্রকল্প প্রস্তাব করা হলে উপযুক্ত মন্ত্রণালয়/বিভাগকে মুখ্য (Lead) মন্ত্রণালয়/বিভাগ হিসেবে নির্ধারণ করতে হবে। তবে সাধারণভাবে একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে গুচ্ছ/আমব্রেলা প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে এবং সেক্ষেত্রে প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্টতা থাকলে তাদের মতামত গ্রহণ করতে হবে।

১.১.২ **সম্ভাব্যতা সমীক্ষা:** ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রতিবেদনের সুপারিশ ও গুরুত্বপূর্ণ অংশ (নির্বাহী সার-সংক্ষেপ,

ব্যয় প্রাক্কলন, ডিজাইন/কনসেপচুয়াল ডিজাইন ইত্যাদি) প্রকল্প প্রস্তাবের (ডিপিপি) সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০(পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।

- ১.১.৩ অংশীজনের মতামত গ্রহণ: উন্নয়ন প্রকল্প প্রণয়নের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রয়োজনে মাঠ প্রশাসন/মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অংশীজনের মতামত গ্রহণ করতে হবে।
- ১.১.৪ প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য সুনির্দিষ্ট (Specific), পরিমাপযোগ্য (Measurable), অর্জনযোগ্য (Achievable), প্রাসঙ্গিক (Relevant) ও সময়াবদ্ধ (Time-bound) হতে হবে। প্রকল্পের শিরোনাম ও উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ নয় এরূপ কোন কার্যক্রম অন্তর্ভুক্ত করা যাবে না।
- ১.১.৫ দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সঙ্গতি: (ক) বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য, কৌশল ও লক্ষ্যমাত্রা বিবেচনা (খ) জাতীয় টেকসই উন্নয়ন অভীষ্ট কৌশল, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ (এসডিজি) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত উন্নয়ন লক্ষ্যমাত্রা ইত্যাদি বিবেচনা (গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নীতি ও কৌশল বাস্তবায়নে অগ্রাধিকার এবং (ঘ) সরকারের অগ্রাধিকার ও দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্প গ্রহণের যৌক্তিকতা থাকতে হবে।
- ১.১.৬ সম্পদ প্রাপ্তি বিবেচনা: (ক) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় প্রাপ্য সম্পদসীমার মধ্যে সীমিত থেকে যৌক্তিক ব্যয়ভিত্তিক প্রকল্প প্রণয়ন এবং নির্ধারিত ছকে এমটিবিএফ সংক্রান্ত তথ্য ও প্রত্যয়নসহ যথার্থতা যাচাই করা (খ) অর্থায়নের নিশ্চয়তা ব্যতীত প্রকল্প গ্রহণ না করা এবং (গ) একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে গ্রহণ না করে সমন্বিত আকারে একটি প্রকল্প গ্রহণ করতে হবে।
- ১.১.৭ সমজাতীয় প্রকল্পের ফলাফল বিবেচনা ও দ্বৈততা পরিহার: (ক) প্রস্তাবিত প্রকল্পের সমজাতীয় কোন প্রকল্প ইতঃপূর্বে বাস্তবায়িত হয়ে থাকলে তার ফলাফল ও অভিজ্ঞতা এবং বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্পের অভিজ্ঞতা পর্যালোচনা করে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ঝুঁকি উত্তরণের পরিকল্পনা/কৌশল নির্ধারণ (খ) পর্যায়ভিত্তিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাস্তবায়িত প্রকল্পের ফলাফল ও সুপারিশ, আইএমইডি'র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে বর্ণিত সুপারিশ এবং পরবর্তী পর্যায়ে প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্য ফলাফলের তুলনামূলক চিত্র প্রদান এবং (গ) এডিপি বহির্ভূত উন্নয়ন কর্মসূচি, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) কিংবা অন্য কোন তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি এবং পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রমের সাথে প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহার নিশ্চিতকরণ।

১.১.৮ প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও যথার্থতা

১.১.৮.১ জনসংখ্যা, জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান, দুর্গম অঞ্চল ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগের সম্মতিক্রমে জোনভিত্তিক ভৌত নির্মাণের ইউনিট ব্যয় (রেট সিডিউল) নির্ধারণ করবে। উক্ত রেট সিডিউল অনুসরণ করে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে। এছাড়া নন-সিডিউলড আইটেমের (মেডিকেল, আইসিটি ও অন্যান্য বিশেষ ধরনের যন্ত্রপাতি/সামগ্রী/সরঞ্জামাদি ইত্যাদি) ক্ষেত্রে বাজার দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইটেমভিত্তিক একক দর সংবলিত তালিকা প্রস্তুত করবে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উক্ত তালিকার ভিত্তিতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন করতে হবে।

১.১.৮.২ (ক) প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের ভিত্তি/যথার্থতা উল্লেখসহ পরামর্শক, জনবল, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি খাতে ব্যয় বাস্তবভিত্তিককরণ (খ) প্রকল্পের আওতায় পরামর্শ সেবা ও যানবাহন ক্রয়ের যৌক্তিকতা (গ) একই সংস্থা কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন/যন্ত্রপাতির হালনাগাদ অবস্থা/অবস্থান (ঘ) প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সম্ভাব্য ঝুঁকি (অর্থনৈতিক, কারিগরি, পরিবেশগত, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ ইত্যাদি) চিহ্নিত করে তা থেকে উত্তরণের উপায় (ঙ) যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে জমির বর্তমান বাজার দর সংক্রান্ত তথ্য, জমির উপর বিদ্যমান সম্পদ (অবকাঠামো, গাছপালা ইত্যাদি) এবং প্রকল্প অনুমোদনের পর জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরুর সম্ভাব্য সময় ইত্যাদি বিবেচনায় নিয়ে জমি অধিগ্রহণ খাতে ব্যয় প্রাক্কলন (চ) সম্ভাব্য ক্ষেত্রে Service Outsourcing এর মাধ্যমে ভৌত সেবা ক্রয়ের বিষয় বিবেচনা এবং (ছ) বস্তুনিষ্ঠ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।

১.১.৮.৩ মূল্যস্ফীতির জন্য প্রাইস কনটিনজেন্সি (Price Contingency) খাতে এবং বিশেষ প্রয়োজনে কোন অঞ্জে (অর্থনৈতিক কোড/সাবকোড অনুযায়ী) অতি সীমিত পরিমাণ অতিরিক্ত ভৌত কাজ সম্পাদনের জন্য ফিজিক্যাল কনটিনজেন্সি (Physical Contingency) খাতে অর্থের সংস্থান রাখা যেতে পারে। প্রাইস কনটিনজেন্সি খাতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৮% এবং ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে কেবল ভৌত কাজের (Physical Items) জন্য প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ২% হারে সংস্থান রাখা যেতে পারে।

১.১.৯ দারিদ্র্য নিরসন ও আঞ্চলিক বৈষম্য দূরীকরণ: (ক) দেশের আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক বৈষম্য দূরীকরণে তুলনামূলক অনগ্রসর/অনুন্নত এলাকার জন্য প্রকল্প গ্রহণে অগ্রাধিকার প্রদান এবং প্রকল্প হতে উপকারভোগী জনগোষ্ঠীর সুনির্দিষ্ট তথ্য (খ) দারিদ্র্য বিমোচন সংক্রান্ত প্রকল্পের সিংহভাগ বরাদ্দ সরাসরি উপকারভোগীদের নিকট পৌঁছানোর ব্যবস্থা (গ) দেশের সকল অংশের সুষম উন্নয়ন নিশ্চিতকরণের উদ্দেশ্যে সকল বিভাগ ও জেলায় সুবিধা পৌঁছে দেয়ার নীতির ভিত্তিতে প্রকল্প এলাকা নির্বাচন এবং (ঘ) উপকারভোগীদের ডিজিটাল ডাটাবেজ তৈরি ও সংরক্ষণ।

- ১.১.১০ **প্রকল্পের ফলাফল টেকসইকরণ:** (ক) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সৃষ্ট প্রতিষ্ঠান/অবকাঠামো কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা সন্নিবেশসহ এর প্রাতিষ্ঠানিকীকরণ ও টেকসই করার বিষয় (Exit Plan) (খ) উন্নয়ন কর্মসূচি/প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি/আসবাবপত্র/যানবাহন কর্মসূচি/প্রকল্প সমাপ্তির পর কিভাবে ব্যবহার করা হবে এ সম্পর্কিত বিস্তারিত রূপরেখা সুস্পষ্টভাবে প্রকল্প প্রস্তাবে উল্লেখকরণ।
- ১.১.১১ **পরিবেশ ও জলবায়ু পরিবর্তনসহ অন্যান্য ক্ষেত্রের (Cross Cutting Issues) প্রভাব বিশ্লেষণ:** পরিবেশ, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রতিবেশ (Ecology), প্রাকৃতিক দুর্যোগ, কর্মসংস্থান, পুষ্টি, মহিলা, শিশু, জেন্ডার ইস্যু, প্রতিবন্ধী, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য, দারিদ্র্য হ্রাসের সংখ্যাাতাত্ত্বিক পরিমাণ, প্রাতিষ্ঠানিকীকরণ, উৎপাদনশীলতা, ইতঃপূর্বে বাস্তবায়িত কিংবা বর্তমানে বাস্তবায়নাধীন প্রকল্প এবং বিদ্যমান অবকাঠামোর ওপর প্রস্তাবিত প্রকল্পের প্রভাব উল্লেখসহ কোন বিরূপ প্রভাব থাকলে তা প্রতিকারের উপায় সুনির্দিষ্টভাবে প্রকল্প দলিলে সন্নিবেশ করা। প্রকল্প প্রণয়নের সময় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ইনফরমেশন প্ল্যাটফরম (ডিআরআইপি) ব্যবহার করে ডিজাস্টার ইমপ্যাক্ট এসেসমেন্ট (ডিআইএ) করতে হবে, যাতে প্রকল্প এলাকার দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি চিহ্নিতপূর্বক তা নিরসনের উপায় নির্ধারণ করা যায়।
- ১.১.১২ **প্রকল্পের মেয়াদ:** বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ সাধারণভাবে অনূর্ধ্ব ৩(তিন) বছর হবে।
- ১.১.১৩ **তথ্য/উপাত্তের উৎস:** ডিপিপিতে প্রদত্ত তথ্য/উপাত্তের উৎস উল্লেখ করতে হবে।
- ১.১.১৪ **প্রকল্পের জনবল:** প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবলের রূপরেখা সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত পদ/জনবলের ধরণ ও সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জনবল নির্ধারণ কমিটির (অর্থ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে গঠিত কমিটি) সুপারিশ গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে (ডিপিপি) যথাযথভাবে প্রতিফলন করতে হবে। তবে কোন প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সরাসরি/আউটসোর্সিং/প্রেষণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতাদি খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।
- ১.১.১৫ **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় প্রস্তাবিত জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে ধীরগতির যানবাহন চলাচলের জন্য সার্ভিস সড়ক নির্মাণসহ পথচারী চলাচলের ব্যবস্থা করতে হবে।** বিগত একশত বছরের বন্যার সর্বোচ্চ উচ্চতা বিবেচনায় নিয়ে জাতীয় মহাসড়কসমূহ উঁচু করে নির্মাণ করতে হবে। এছাড়া, পর্যায়ক্রমে চার লেন বিশিষ্ট সকল মহাসড়কে এবং মহাসড়ক প্রশস্তকরণের সময় ব্যস্ততম এলাকা ও ইন্টারসেকশনে আন্ডারপাস/ওভারপাস কিংবা ইউলুপ নির্মাণ করতে হবে।

- ১.১.১৬ মহাসড়ক, মহাসড়কে বিদ্যমান/নির্মিতব্য সেতু, এক্সপ্রেসওয়ে ও টানেল টেকসই করার লক্ষ্যে যানবাহনের এক্সেল লোড নিয়ন্ত্রণের জন্য ওজন পরিমাপক যন্ত্র (Weighing Machine) স্থাপনের সংস্থান রাখতে হবে। এছাড়া, গ্রামীণ সড়ক/সেতু দিয়ে যাতে ভারী যানবাহন চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা রাখতে হবে।
- ১.২ সড়ক পরিবহন খাতের উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণের সময় Project Appraisal Framework (PAF) এ প্রদত্ত তথ্যাবলির ভিত্তিতে ডিপিপি প্রণয়ন করতে হবে। PAF অনুসরণে Project Appraisal Report (PAR) এবং Appraisal Summary Table (AST) প্রস্তুতপূর্বক ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া, সড়কের শ্রেণিবিন্যাস ও স্ট্যান্ডার্ড ডিজাইন বিবেচনায় নিতে হবে।
- ১.৩ ১০০(একশত) মিটারের বেশি দৈর্ঘ্যের সেতু নির্মাণ এবং নদীতীর সংরক্ষণ ও নদীতে বাঁধ নির্মাণের ক্ষেত্রে হাইড্রোলজিক্যাল, মরফোলজিক্যাল, নেভিগেশনাল ও বেথিমোট্রিক সমীক্ষার সুপারিশ ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে। সমীক্ষায় নদীর বৈশিষ্ট্য, পানির প্রবাহ, নৌযান চলাচল, চরের গতিবিধি, ডুবোচরের এরিয়াল ভিউ ইত্যাদি বিষয় বিবেচনায় রাখতে হবে। এছাড়া, সমীক্ষার সুপারিশ বিবেচনায় রেখে প্রয়োজনীয় ড্রেজিং ও বাঁধ নির্মাণের কার্যক্রম নিম্নবর্ণিতভাবে প্রকল্পে অন্তর্ভুক্ত করতে হবে:
- ১.৩.১ নদীতীর সংরক্ষণ প্রকল্পে ক্যাপিটাল ড্রেজিং-এর কার্যক্রম অন্তর্ভুক্তির বিষয় বিবেচনায় নিতে হবে। নদীর নাব্যতা রক্ষার্থে ক্যাপিটাল ড্রেজিং-এর পর প্রতিবছর Maintenance ড্রেজিং-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে এ সংক্রান্ত বিদ্যমান আইন অনুযায়ী ডেজ্‌ড ম্যাটেরিয়ালস্ (মাটি, পলি ও বালি) ব্যবহারের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে রেললাইন ও মহাসড়ক উঁচুকরণ, সড়কের পাশে মাটি ভরাটসহ অন্যান্য কাজে (আবাসন, অর্থনৈতিক অঞ্চল ইত্যাদি) ব্যবহারের বিষয়টি অগ্রাধিকার পাবে। এসব কাজে কোনভাবেই ফসলী জমি নষ্ট করা যাবে না। বিশেষজ্ঞ কমিটি/কারিগরি কমিটি কর্তৃক বিশেষ ক্ষেত্রে কোন সুপারিশ থাকলে প্রমাণকসহ ডিপিপিতে উল্লেখ করতে হবে;
- ১.৩.২ উপকূলীয় এলাকাসহ অন্যান্য যে সকল এলাকায় বাঁধ নির্মাণ করা হবে সেখানে বাঁধ টেকসই করার জন্য জলবায়ু পরিবর্তনের বিষয় বিবেচনায় নিতে হবে এবং বাঁধের পাড়ে উভয় পার্শ্বে সবুজ বেষ্টিনী/বনায়ন করতে হবে;
- ১.৩.৩ হাওর অঞ্চলসহ নিচু অঞ্চলে পরিবেশ ও প্রতিবেশ রক্ষার্থে যথাপ্রয়োজন সাবমার্সিবল/এলিভেটেড রাস্তা নির্মাণের বিষয় বিবেচনায় নিতে হবে। পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণের বিষয়টি বিবেচনা করে সেচ ব্যবস্থাপনা ও বাঁধ নির্মাণ প্রকল্পে যথাসম্ভব স্লুইস গেইট নির্মাণের প্রবণতা পরিহার করতে হবে এবং হাওর এলাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে;

- ১.৩.৪ বাঁধের কান্ডি সাইডে কোন সংস্থা কর্তৃক কোন স্থাপনা নির্মাণের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মতামত গ্রহণ করতে হবে;
- ১.৩.৫ নদীর নাব্যতা, পানির স্বাভাবিক প্রবাহ যাতে বাঁধাগ্রস্ত না হয়, সেটি বিবেচনায় নিয়ে সেতু নির্মাণের ডিজাইন করতে হবে। নদীর উপর যথাসম্ভব কম সংখ্যক সেতু নির্মাণের পরিকল্পনা থাকতে হবে। সেতুর ভিত্তির ডিজাইন এমনভাবে করতে হবে যাতে নৌযান চলাচল বিঘ্নিত না হয় এবং পরবর্তীতে নদী পুনঃখনন বা ড্রেজিং-এর সময় সেতু ক্ষতিগ্রস্ত না হয়;
- ১.৩.৬ সেতু নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ ও অন্যান্য) নিকট থেকে নেভিগেশনাল ক্লিয়ারেন্স সংক্রান্ত ছাড়পত্র গ্রহণ করে প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে;
- ১.৩.৭ ‘বাংলাদেশ পানি আইন, ২০১৩’ এবং ‘বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮’ অনুযায়ী নির্দিষ্ট ধরনের প্রকল্পের ক্ষেত্রে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) থেকে ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করে প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে; এবং
- ১.৩.৮ প্রকল্পের সংশ্লিষ্টতা বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান রেল আইন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করতে হবে। এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আইন/বিধিমালা/নীতিমালার আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ করতে হবে।
- ১.৪ সাধারণভাবে উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ পরিহার করতে হবে। জমি অধিগ্রহণ অনিবার্য হলে জমির পরিমাণ নির্ধারণে রক্ষণশীলতা অবলম্বনসহ কৃষি/আবাদি জমি অধিগ্রহণ নিরুৎসাহিত করতে হবে। ভূমি অধিগ্রহণের প্রয়োজন রয়েছে এ ধরনের প্রকল্প প্রস্তাব অধিগ্রহণযোগ্য ভূমির পরিমাণ, প্রাপ্যতা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংগৃহীত তথ্য প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে। ভূমি অধিগ্রহণের সময় ভূমির পূর্বাবস্থা জানার জন্য প্রস্তাবিত ভূমির ছবি/ভিডিও প্রস্তাবনার পূর্বেই সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।
- ১.৫ কোন প্রকল্প বাস্তবায়নের জন্য জমি অধিগ্রহণ কিংবা ড্রইং/ডিজাইন সংক্রান্ত কার্যক্রম থাকলে এ সকল কার্যক্রমের কলেবর বিবেচনায় আলাদা প্রকল্প গ্রহণ করতে হবে। জমি অধিগ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ড্রইং/ডিজাইন সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার পাশাপাশি নির্মাণ/পূর্ত সংক্রান্ত মূল প্রকল্প প্রণয়ন/প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে যেন জমি অধিগ্রহণ প্রক্রিয়া এবং ড্রইং/ডিজাইন সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হওয়ার অব্যবহিত পরই মূল প্রকল্পের কার্যক্রম শুরু করা যায়।
- ১.৬ সরকারি অফিস ভবন, আবাসিক ভবন ইত্যাদি নির্মাণের ক্ষেত্রে ভবিষ্যত প্রয়োজন ও পরিবেশ বিবেচনা করে যথাসম্ভব ফাঁকা জায়গা ও জলাধার সংরক্ষণ করতে হবে। অনুভূমিকভাবে একাধিক ভবন তৈরি না করে উল্লম্বভাবে সম্প্রসারণের সুযোগ রেখে ভবন নির্মাণের বিষয় বিবেচনা করতে হবে। এক্ষেত্রে মাঠ পর্যায়ে বিভিন্ন দপ্তরের জন্য আলাদা আলাদা অফিস ভবন তৈরি না করে সমন্বিত ভবন নির্মাণের বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। একই অবকাঠামো যথা: হলরুম, অডিটোরিয়াম ও প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদি মাল্টি এজেন্সি কর্তৃক মাল্টিপারপাসে ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

- ১.৭.১ রাষ্ট্রীয় মালিকানাধীন/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জিওবি থেকে অর্থায়নের প্রয়োজন হলে অর্থায়নের প্রকৃতি (অনুদান/ঋণ/ইকুইটি) নির্ধারণে অর্থ বিভাগের পূর্ব সম্মতি নিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নির্দেশনা/সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প প্রস্তাবে উল্লেখ করতে হবে।
- ১.৭.২ জিওবি'র নিকট হতে গৃহীত ঋণে (স্থানীয়/বৈদেশিক মুদ্রায়) বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প প্রস্তাবের (ডিপিপি/আরডিপিপি) সাথে ঋণচুক্তির কপি ও ঋণ পরিশোধসূচি (Amortization Schedule) সংযোজন করতে হবে। প্রকল্প অনুমোদনের অব্যবহিত পরই ঋণ গ্রহণকারী সংস্থা এবং অর্থ বিভাগের মধ্যে পুনঃলক্ষীকরণ চুক্তি সম্পাদন করতে হবে।
- ১.৮ দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় সাধনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জারিকৃত পরিপত্রে (সংযোজনী-ই) বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ, দ্বৈততা পরিহার, যথার্থতা নিশ্চিতকরণ, সেক্টরের চাহিদা পূরণ, অগ্রাধিকার অনুসরণ, ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১.৯ সরকারি খাতে বিনিয়োগ ব্যবস্থাপনা আরো শক্তিশালী ও ফলপ্রসূ করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট (পিআইএম) টুলস ব্যবহারের বিষয়ে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ হতে জারিকৃত নির্দেশনা (সংযোজনী-ঈ) অনুসরণ করতে হবে। উক্ত নির্দেশনায় উল্লিখিত দু'টি সেক্টরের বাইরে পরবর্তীতে অন্য কোন সেক্টরে উক্ত টুলস ব্যবহারের সিদ্ধান্ত হলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১.১০ সময়ে সময়ে এনইসি/একনেক সভায় প্রদত্ত দিক-নির্দেশনা/অনুশাসন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১.১১ সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) ভিত্তিতে প্রকল্প গ্রহণ/বাস্তবায়নে গুরুত্ব প্রদান:
- ১.১১.১ সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্প ব্যয়ের সম্পূর্ণ বা আংশিক সেবা গ্রহণকারীর নিকট হতে ফেরত পাওয়া সম্ভব এ ধরনের প্রকল্প পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের প্রচেষ্টা থাকতে হবে।
- ১.১১.২ সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) পদ্ধতিতে গৃহীত প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও অনুমোদন এবং বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য বিদ্যমান নিয়ম অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।
- ১.১১.৩ সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের ভিত্তিতে/উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক প্রকল্প (Linked Project) অগ্রাধিকার পাবে।

- ১.১২ বেসরকারি উদ্যোগে বাস্তবায়নের সম্ভাবনা রয়েছে এ ধরনের প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তি পরিহার করতে হবে।
- ১.১৩ উপরোল্লিখিত ১.১-১.১২ অনুচ্ছেদে বর্ণিত বিষয়াদি বিবেচনায় নিয়ে বিনিয়োগ প্রকল্পের জন্য বাস্তবায়নকারী সংস্থা নির্ধারিত ছকে প্রকল্প প্রস্তাব [Development Project Proposal (DPP)] প্রণয়ন করবে। প্রস্তাবিত প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত হলে **সংযোজনী-গ** অনুযায়ী বাংলায় এবং প্রকল্পে বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে **সংযোজনী-ঘ** অনুযায়ী ইংরেজিতে ডিপিপি প্রণয়ন করতে হবে।
- ১.১৪ ডিপিপি'র কলেবর যথাসম্ভব সীমিত রেখে কাগজের (কাগজের Size: A4) উভয় পৃষ্ঠায় মুদ্রণ করতে হবে। একান্ত প্রয়োজনীয় প্রতিবেদনের সার-সংক্ষেপ/সুপারিশ সংযুক্ত করা যেতে পারে। এছাড়া, এপ্রাইজালের জন্য পরিকল্পনা কমিশনের চাহিদা এবং পিইসি/ডিপিইসি'র সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধির সুবিধার্থে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।
- ১.১৫ প্রকল্পের ক্রয় পরিকল্পনায় পিপিআর অনুযায়ী কোন প্যাকেজের ক্ষেত্রে যে কোন একটি ক্রয় পদ্ধতি উল্লেখ করতে হবে। কোন প্যাকেজ/লটে একাধিক ক্রয় পদ্ধতি অনুসরণের ব্যবস্থা রাখা যাবে না।
- ১.১৬ স্থাপনা নির্মাণ সম্পর্কিত প্রকল্পের ক্ষেত্রে কারিগরি পরীক্ষার (মৃত্তিকা পরীক্ষা, ডিআইএ ও অন্যান্য) প্রতিবেদন, ঘূর্ণিঝড়ের গতিবেগ, বন্যার সর্বোচ্চ উচ্চতা, সাইট নির্বাচনের যৌক্তিকতা সংক্রান্ত তথ্যাদি ডিপিপি/আরডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।
- ১.১৭ কোন প্রকল্পে বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে অগ্রাধিকারভিত্তিতে দ্রুততার সাথে প্রক্রিয়াকরণ করতে হবে। উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্পের এপ্রাইজালের (Appraisal) সময়ই এ ধরনের প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়ন করতে হবে যেন পরবর্তীতে নেগোসিয়েশনসহ ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরের সময় কিংবা এর পূর্বেই ডিপিপি/টিএপিপি অনুমোদনসহ অন্যান্য প্রটোকল চূড়ান্ত করা যায়।

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা পর্যায়ে বিনিয়োগ প্রকল্প যাচাই:

- ২.১ বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাব (ডিপিপি) সংস্থা পর্যায়ে সংস্থা প্রধানের সভাপতিত্বে কারিগরি বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা করে চূড়ান্ত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। প্রকল্প প্রস্তাব পরীক্ষার জন্য প্রয়োজনে অধিদপ্তর/দপ্তর/সংস্থা পর্যায়ে কারিগরি সাব-কমিটি গঠন করতে হবে।
- ২.২ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রাপ্তির পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পের বিস্তারিত যাচাই/পরীক্ষা/এপ্রাইজাল সম্পন্ন করবে। প্রকল্প দলিলে সন্নিবেশিত তথ্য উপাত্তের বস্তুনিষ্ঠতা, প্রকল্প এলাকা, দ্বৈততা, যথার্থতা, টেকসইকরণ ইত্যাদি বিষয় যাচাই/এপ্রাইজালের জন্য প্রয়োজনে

সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে বাস্তব অবস্থা সম্পর্কে ধারণা লাভ করার ব্যবস্থা করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যাচাই/পরীক্ষা/এপ্রেইজালের সময় অনুচ্ছেদ ১ ও ২১-এ উল্লিখিত বিষয়সমূহ ছাড়াও ৩.১ নং অনুচ্ছেদে বিষয়সমূহ (প্রযোজ্য বিষয়) বিবেচনায় নিতে হবে।

- ২.৩ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা উপরে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে বিস্তারিত পরীক্ষান্তে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির (Project Scrutiny Committee) (সংযোজনী-দ) সভা আয়োজন করবে। উক্ত সভায় উপরে বর্ণিত বিষয়সমূহ পর্যালোচনা করে প্রকল্পটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পুনর্গঠন করবে। যাচাই কমিটির সভার কার্যবিবরণী (চেকলিস্টসহ) ডিপিপি'র সাথে সংযুক্ত করতে হবে।
- ২.৪ প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে বাস্তবায়নকারী সংস্থা হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ২০(বিশ) কপি ডিপিপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে।

৩. বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন ও অনুমোদন

৩.১ পরিকল্পনা কমিশন কর্তৃক বিনিয়োগ প্রকল্প মূল্যায়ন (Appraisal)

- ৩.১.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্পের বিস্তারিত এপ্রেইজাল সম্পন্ন করবে। প্রকল্প দলিলে সন্নিবেশিত তথ্য উপাত্তের বস্তুনিষ্ঠতা, প্রকল্প এলাকা নির্বাচনের যথার্থতা, দ্বৈততা পরিহার, অন্যান্য প্রকল্প/সংস্থার সাথে সংশ্লিষ্টতা ইত্যাদি বিষয় এপ্রেইজালের জন্য প্রয়োজনে প্রকল্প এলাকা পরিদর্শন করে বাস্তব অবস্থা সম্পর্কে সম্যক ধারণা লাভ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগসহ পরিকল্পনা কমিশনে এপ্রেইজালের সময় অনুচ্ছেদ ১ ও ২১-এ উল্লিখিত বিষয়সমূহের পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে:

- ৩.১.১(১) একাধিক মন্ত্রণালয়/বিভাগ অথবা পরিকল্পনা কমিশনের একাধিক সেক্টরের সম্পৃক্ততা থাকলে কিংবা জাতীয় গুরুত্বপূর্ণ বৃহৎ প্রকল্পের বিষয়ে পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টরের মধ্যে সমন্বয় করতে হবে। এ ধরনের প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট লিড সেক্টরের উদ্যোগে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট অন্যান্য সেক্টরকে নিয়ে পিইসি সভার পূর্বে আন্তঃমন্ত্রণালয় সভায় আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ধরনের প্রকল্পের বিষয়ে প্রয়োজনে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সদস্যদের নিয়ে আলোচনা করতে পারবেন।

- ৩.১.১(২) প্রকল্প প্রস্তাবকে বিচ্ছিন্নভাবে বিবেচনার পরিবর্তে সংশ্লিষ্ট সেক্টর ও উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের আওতায় চলমান/প্রস্তাবিত অন্যান্য প্রকল্প, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের এমটিবিএফ সিলিং ইত্যাদি সামগ্রিক অবস্থা; জাতীয় ও সেক্টোরাল অগ্রাধিকারের সাথে প্রস্তাবিত প্রকল্পের সম্পৃক্ততা; প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার সক্ষমতা; প্রকল্প সমাপ্তির পর পরিচালন বাজেটের ওপর চাপ; প্রকল্প মেয়াদের যথার্থতা ইত্যাদি বিষয় পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক পরীক্ষা করতে হবে। অর্থায়নের নিশ্চয়তা ব্যতিরেকে প্রকল্প প্রক্রিয়াকরণ পরিহার করতে হবে।
- ৩.১.১(৩) যানবাহন ও যন্ত্রপাতি সংগ্রহের প্রস্তাব থাকলে ক্ষেত্রে প্রকৃত প্রয়োজন, পরিচালন বাজেটের আওতায় এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন ও যন্ত্রপাতির বর্তমান অবস্থার সামগ্রিক চিত্র, জনবলের সাথে সামঞ্জস্য ও ব্যবহার, জনবল নির্ধারণ কমিটির সুপারিশ ইত্যাদি বিবেচনা করতে হবে। এছাড়া, প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে যানবাহন/যন্ত্রপাতির ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত বিষয়ও বিস্তারিতভাবে পর্যালোচনা করে দেখতে হবে।
- ৩.১.১(৪) যে সকল রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত সংস্থাকে আত্মনির্ভরশীল হওয়ার জন্য সরকার কর্তৃক আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে সে সকল সংস্থা কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প বিবেচনার সময় উক্ত সংস্থাকে এ পর্যন্ত কী পরিমাণ সহায়তা প্রদান করা হয়েছে, তার বর্তমান অবস্থা এবং ভবিষ্যতে আরও কী পরিমাণ সহায়তার প্রয়োজন হতে পারে ইত্যাদি বিষয়ে সামগ্রিক চিত্র বিশদভাবে পরীক্ষা করতে হবে।
- ৩.১.১(৫) প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদ/জনবলের ধরণ ও সংখ্যা জনবল নির্ধারণ কমিটি কর্তৃক সুপারিশকৃত হতে হবে এবং বিষয়টি প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় নিশ্চিত করতে হবে (বিস্তারিত অনুচ্ছেদ ১.১.১৪)।
- ৩.১.১(৬) পর্যায়ভিত্তিক প্রকল্প প্রস্তাব বিবেচনার সময় পূর্ববর্তী পর্যায়ে সমাপ্ত প্রকল্পের ওপর আইএমইডি কর্তৃক সম্পাদিত সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন কিংবা বিশেষ মূল্যায়ন প্রতিবেদন যথাযথভাবে পরীক্ষা করে তার আলোকে প্রস্তাবিত প্রকল্প অনুমোদনের বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান করতে হবে। তবে পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়নযোগ্য কার্যক্রমের জন্য ক্রমাগতভাবে পর্যায়ভিত্তিক প্রকল্প গ্রহণ না করে পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৩.১.১(৭) প্রকল্প সংশোধনের ক্ষেত্রে ব্যয় অস্বাভাবিক বৃদ্ধি পেলে তার যথার্থতা বিশদভাবে পরীক্ষাকরণ এবং সংশোধনের পরিবর্তে প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করে প্রয়োজনে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।
- ৩.১.১(৮) ২য় কিংবা ৩য় সংশোধনের সময় প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় হ্রাস/বৃদ্ধির পরিমাণ সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য সর্বশেষ অনুমোদিত প্রকল্প ব্যয়ের (১ম কিংবা ২য় সংশোধিত)

সাথে তুলনার পাশাপাশি মূল অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের সাথেও তুলনা করতে হবে। প্রকল্পটি একনেক কিংবা মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের জন্য উপস্থাপনের সময় সেক্টর-বিভাগের মতামতসহ বিষয়টি উল্লেখ করতে হবে।

- ৩.১.১(৯) প্রাইস কনটিনজেন্সি খাতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৮% এবং ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে কেবল ভৌত কাজের (Physical Items) জন্য প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ২% হারে সংস্থান রাখা যেতে পারে (বিস্তারিত অনুচ্ছেদ ১.১.৮.৩)। তবে এ দু'টি খাতে সংস্থান রাখার বিষয়ে প্রকল্পের প্রকৃতি ও কলেবর বিবেচনায় বিস্তারিত পর্যালোচনা করে পিইসি সভায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
- ৩.১.১(১০) এনইসি/একনেক সভাসমূহে সময়ে সময়ে প্রদত্ত অনুশাসনের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩.১.২ উপরে বর্ণিত বিষয়সমূহের আলোকে প্রকল্প প্রস্তাব বিশদভাবে পরীক্ষা করতঃ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের মতামত/বিশ্লেষণ সংবলিত কার্যপত্রসহ (সংযোজনী-ড) প্রকল্প প্রস্তাবটি প্রকল্প মূল্যায়ন কমিটির (সংযোজনী-খ) সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.১.৩ পরিকল্পনা কমিশনে প্রকল্প প্রক্রিয়াকরণকালে প্রকল্পটির ওপর সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষা ও তার সুপারিশ, কারিগরি কমিটির সুপারিশ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের যাচাই কমিটির সুপারিশ, পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে ওয়ারপো-এর ছাড়পত্র/অনাপত্তি, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রসহ প্রযোজ্য অন্যান্য ছাড়পত্র/অনাপত্তি, পর্যায়ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে পূর্বের প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন এবং অন্যান্য সমীক্ষা ও মূল্যায়ন প্রতিবেদনের মতামত/সুপারিশ (যথাপ্রযোজ্য) বিবেচনায় নিতে হবে।
- ৩.১.৪ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, অঙ্গভিত্তিক ব্যয় ইত্যাদি পরীক্ষার পাশাপাশি স্পেসিফিকেশন, ডিজাইন, মূল্য নির্ধারণের ভিত্তি, 'পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮' প্রকল্প প্রস্তাবে যথাযথভাবে প্রতিফলিত হয়েছে কি না তা পরীক্ষা করতে হবে।
- ৩.১.৫ সংশোধিত প্রকল্প প্রস্তাবে স্পেসিফিকেশন, ডিজাইন, পরিমাপ/পরিমাণ, ক্রয় পদ্ধতি ইত্যাদি ক্ষেত্রে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের প্রয়োজন হলে এর স্বপক্ষে যৌক্তিকতাসহ প্রয়োজনীয় ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন নিশ্চিত করতে হবে। ভৌত বা মূলধন খাতে কোন অঙ্কে কোন পরিবর্তনের (হ্রাস/বৃদ্ধি) প্রয়োজন হলে পরিবর্তন/সংশোধনের যথার্থতা ও ব্যয় প্রাক্কলন বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞানসম্পন্ন ব্যক্তির সমন্বয়ে গঠিত কারিগরি কমিটি কর্তৃক যাচাই করতে হবে।
- ৩.১.৬ অনুচ্ছেদ ১, ৩.১.১ ও ২১-এ বর্ণিত প্রযোজ্য বিষয়সমূহ বিবেচনায় প্রকল্প প্রস্তাবটি গ্রহণযোগ্য বলে প্রতীয়মান না হলে প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াকরণ ব্যতিরেকে ফেরত দিতে হবে এবং ফেরত দেওয়ার কারণ উল্লেখপূর্বক দিকনির্দেশনাসহ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে হবে।

- ৩.১.৭ পরিকল্পনা কমিশন কর্তৃক প্রাপ্ত প্রকল্প প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষার সময় অসামঞ্জস্যপূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং তথ্য/উপাত্তের দিক থেকে অসম্পূর্ণ বিবেচিত হলে অথবা প্রকল্প প্রস্তাবটি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পিইসি সভায় উপস্থাপন করা সঠিক হবে না মর্মে প্রতীয়মান হলে প্রস্তাব প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-ডিভিশন অসংগতি/ত্রুটিসমূহের বর্ণনাসহ প্রয়োজনীয় সংশোধনের জন্য প্রকল্প প্রস্তাবটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে ফেরত পাঠাবে। প্রকল্প প্রস্তাব ফেরত পাওয়ার ১৫(পনের) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনপূর্বক পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে।
- ৩.১.৮ পরিকল্পনা কমিশনে প্রকল্প প্রস্তাব প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবস অতিক্রান্ত হলে সংশোধন/পরিমার্জনের জন্য উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে ফেরত দেওয়া যাবে না। সেক্ষেত্রে বিলম্বের কারণ ব্যাখ্যাসহ পরবর্তী ১০(দশ) কার্যদিবসের মধ্যে সংশোধন/পরিমার্জনের বিষয়ে সুনির্দিষ্ট মতামতসহ প্রকল্প প্রস্তাবটি পিইসি সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.১.৯ পিইসি সভা অনুষ্ঠানের ন্যূনতম ৫(পাঁচ) কার্যদিবস পূর্বে (বিশেষ ক্ষেত্র ব্যতীত) কার্যপত্রসহ সভার বিজ্ঞপ্তি প্রেরণ করতে হবে। পিইসি পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত বিস্তারিত পর্যালোচনাপূর্বক প্রকল্প প্রস্তাবটি যথাযথ কর্তৃপক্ষের বিবেচনা/অনুমোদনের জন্য সুপারিশ করবে। পিইসি সভা অনুষ্ঠিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ সভার কার্যবিবরণী জারি করবে।
- ৩.১.১০ পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের প্রয়োজন হলে সভার কার্যবিবরণী প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে। বিশেষ ক্ষেত্রে প্রকল্পের ব্যয় যুক্তিযুক্তকরণের প্রয়োজন হলে পিইসি কর্তৃক গঠিত ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটি কার্যবিবরণী/সিদ্ধান্ত প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তা সম্পন্ন করবে এবং পরিকল্পনা কমিশনসহ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে। যুক্তিযুক্তকৃত ব্যয় প্রাক্কলন প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ তা ডিপিপি'তে প্রতিফলনপূর্বক পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে। পিইসি সভার কার্যবিবরণী প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে পুনর্গঠিত ডিপিপি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব না হলে বিলম্বের কারণ ব্যাখ্যাসহ অথবা ক্ষেত্র বিশেষে ব্যয় যুক্তিযুক্তকরণসহ পুনর্গঠিত ডিপিপি ৩৫ (পঁয়ত্রিশ) কার্য দিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। উল্লিখিত সময়সীমার মধ্যে পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা না হলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পটি বাস্তবায়নে আগ্রহী নয় বলে বিবেচিত হবে। তবে বিশেষ ক্ষেত্রে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে বিলম্বের যৌক্তিক কারণ উল্লেখপূর্বক ডিপিপি প্রেরণ করা হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সম্মতিক্রমে তা প্রক্রিয়াকরণ করা যেতে পারে।

৩.১.১১ পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রাপ্তির পর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত পুনর্গঠিত ডিপিপিতে যথাযথভাবে প্রতিফলিত হওয়ার বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখতে হবে। পরীক্ষান্তে প্রকল্পটি অনুমোদনযোগ্য বিবেচিত হলে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কিংবা একনেক-এর নিকট সার-সংক্ষেপ উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুনর্গঠিত ডিপিপিতে পিইসি সভার সুপারিশ/সিদ্ধান্তের কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে কিংবা প্রকল্প পুনর্গঠনে নির্ধারিত সময় (অনুচ্ছেদ ৩.১.১০) অতিক্রান্ত হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্পটি পুনরায় পিইসি সভায় উপস্থাপন করতে পারবে।

৩.২ বিনিয়োগ প্রকল্প অনুমোদন:

৩.২.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির অথবা পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের প্রয়োজন না হলে সভার কার্যবিবরণী জারির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্প অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে।

৩.২.২ মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক বিনিয়োগ প্রকল্প অনুমোদন: প্রস্তাবিত বিনিয়োগ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) কোটি টাকা হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী প্রকল্পটি অনুমোদন করবেন। এক্ষেত্রে প্রকল্প অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নিকট সার-সংক্ষেপ (সংযোজনী-র) উপস্থাপন করবে।

৩.২.৩ একনেক কর্তৃক বিনিয়োগ প্রকল্প অনুমোদন: প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে হলে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হবে। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্প অনুমোদনের জন্য ২০(বিশ) কপি প্রকল্প প্রস্তাব (ডিপিপি), একনেক সভার জন্য প্রণীত ৫০(পঞ্চাশ) কপি সার-সংক্ষেপ (সংযোজনী-য) এবং প্রকল্পের উল্লেখযোগ্য বিষয় সংবলিত একটি উপস্থাপনার (পাওয়ারপয়েন্ট) ১০ (দশ) কপি পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করবে।

৩.২.৪ প্রকল্পটি অনুমোদনের নিমিত্ত একনেক-এর জন্য প্রণীত সার-সংক্ষেপে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ মতামতসহ সুনির্দিষ্ট সুপারিশ করবে। সার-সংক্ষেপটি পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হতে হবে এবং তা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সদস্য কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

8. বিনিয়োগ প্রকল্প সংশোধন

8.1 বিনিয়োগ প্রকল্প সংশোধন সংক্রান্ত সাধারণ নির্দেশনাবলি

- 8.1.1 প্রকল্পের সংশোধন সাধারণভাবে নিরুৎসাহিত করা হবে। সুনির্দিষ্ট ও যৌক্তিক কারণে প্রকল্পের মোট ব্যয় বৃদ্ধি/হ্রাস, মেয়াদ বৃদ্ধি/হ্রাস, প্রকল্পের উদ্দেশ্য, ডিজাইন/স্পেসিফিকেশনে পরিবর্তন, নতুন আইটেম অন্তর্ভুক্তি কিংবা অনুমোদিত কোন আইটেম বাদ দেয়া, অর্থায়নের ধরণ/উৎস, জনবল ও যানবাহনের ধরন/সংখ্যা ইত্যাদির পরিবর্তন একান্ত অপরিহার্য হলে অনুমোদিত প্রকল্প সংশোধন করা যাবে। উল্লেখ্য, একান্ত অপরিহার্য না হলে প্রকল্প সংশোধনকালে প্রকল্প এলাকা পরিবর্তন কিংবা প্রকল্পের কলেবর বৃদ্ধি করা যাবে না।
- 8.1.2 কোন প্রকল্প ২ (দুই) বারের অধিক সংশোধন করা যাবে না। বিশেষ কারণে কোন প্রকল্প ২(দুই) বারের অধিক সংশোধনের প্রয়োজন হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর পূর্ব অনুমতিক্রমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ কর্তৃক তা প্রক্রিয়াকরণ করতে হবে। ৩য় কিংবা তৎপরবর্তী সংশোধনের ক্ষেত্রে সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় এবং ব্যয় বৃদ্ধি/হ্রাসের পরিমাণ নির্বিশেষে অনুমোদনের জন্য একনেক-এর সভায় উপস্থাপন করতে হবে।
- 8.1.3 সংশোধিত প্রকল্প প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ের জন্য সময়সীমা মূল প্রকল্প প্রক্রিয়াকরণের জন্য অনুরূপ পর্যায়ের নির্ধারিত সময়সীমা প্রযোজ্য হবে। সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়নামূলক প্রকল্পের ক্ষেত্রে বাংলায় সংশোধিত উন্নয়ন প্রকল্প ছকে (আরডিপিপি)(সংযোজনী-৬) এবং প্রকল্পে বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে ইংরেজিতে সংশোধিত উন্নয়ন প্রকল্প ছকে (আরডিপিপি)(সংযোজনী-৮) প্রণয়ন করতে হবে। সংশোধিত প্রকল্প প্রস্তাবের সাথে ইতঃপূর্বে অনুমোদিত প্রকল্প দলিলসমূহ (ডিপিপি এবং প্রযোজ্য ক্ষেত্রে আরডিপিপি) সংযুক্ত করতে হবে। প্রকল্প সংশোধনের সময় প্রস্তাবিত সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের ভিত্তিতে নতুনভাবে আয়-ব্যয় বিশ্লেষণ করে আরডিপিপিতে সংযোজন করতে হবে।
- 8.1.4 কোনক্রমেই প্রকল্পের ঘটনাত্তোর অনুমোদন (Post Facto Approval) দেওয়া যাবে না। ‘ঘটনাত্তোর অনুমোদন’ বলতে অনুমোদিত প্রকল্পের অঙ্গাভিত্তিক ব্যয়ের অতিরিক্ত ব্যয় অথবা প্রকল্প অনুমোদন ব্যতিরেকে কিংবা অনুমোদিত প্রকল্পে ক্রয়/বাস্তবায়ন/ব্যবহারের সংস্থান নেই এমন কোন পণ্য/কার্য/সেবা এবং অঙ্গাভিত্তিক অনুমোদিত পরিমাণের অতিরিক্ত ক্রয়/বাস্তবায়ন/ব্যবহার করার পর তা অনুমোদনের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন-কে বুঝাবে।
- 8.1.5 প্রকল্প সংশোধনের ক্ষেত্রে ব্যয় অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেলে তার যথার্থতা বিশদভাবে পরীক্ষা করতে হবে এবং সংশোধনের পরিবর্তে প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করে প্রয়োজনে নতুন প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করা যেতে পারে।

8.১.৬ ২য় কিংবা ৩য় সংশোধনের সময় প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় হ্রাস/বৃদ্ধির পরিমাণ সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য সর্বশেষ অনুমোদিত প্রকল্প ব্যয়ের (১ম কিংবা ২য় সংশোধিত) সাথে তুলনার পাশাপাশি মূল অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের সাথেও তুলনা করতে হবে। প্রকল্পটি একনেক কিংবা মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের জন্য উপস্থাপনের সময় সেক্টর-বিভাগের মতামতসহ বিষয়টি উল্লেখ করতে হবে।

8.২ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিনিয়োগ প্রকল্প সংশোধনের প্রস্তাব অনুমোদন

8.২.১ বিনিয়োগ প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে কেবল প্রথম সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রথম সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য, অর্থায়নের উৎস (জিওবি, প্রকল্প সহায়তা/ঋণ, নিজস্ব অর্থায়ন ইত্যাদি), অর্থায়নের ধরন (বিনিয়োগ, ঋণ, অনুদান, আরপিএ/ডিপিএ, ইকুইটি ইত্যাদি), প্রকল্প এলাকা, জনবল, পরামর্শক ও যানবাহনের (ক্রয়/ভাড়া) ধরন/সংখ্যা এবং প্রকল্পের ফিজিক্যাল/প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত ব্যয় অপরিবর্তিত রেখে বিদ্যমান অন্যান্য অঙ্গের কেবল ব্যয়/পরিমাণ হ্রাস/বৃদ্ধি করা যাবে। এক্ষেত্রে সংশোধিত প্রকল্পের মোট ব্যয়ের পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) অনুমোদিত প্রকল্প ব্যয়ের ১৫% বা ৪০(চল্লিশ) কোটি টাকা পর্যন্ত (যা নিম্নে হয়) সীমিত থাকতে হবে। বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) (সংযোজনী-ন) সুপারিশক্রমে সংশোধিত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।

8.২.২ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিনিয়োগ প্রকল্প সংশোধনের ক্ষেত্রে সাধারণভাবে কোন নতুন অঙ্গ অন্তর্ভুক্ত করা কিংবা অনুমোদিত প্রকল্পের কোন অঙ্গ বাদ দেওয়া যাবে না। তবে, প্রকল্পের উদ্দেশ্য অর্জনে সহায়ক কোন অঙ্গ অন্তর্ভুক্তির একান্ত প্রয়োজন হলে তা বিবেচনা করা যেতে পারে এবং কোন অঙ্গ বাদ দিলে প্রকল্পের উদ্দেশ্য বিঘ্নিত হবে না এরূপ অঙ্গ বাদ দেওয়া যাবে। এক্ষেত্রে কোন অঙ্গ বাদ দিলে পরবর্তীতে উক্ত অঙ্গ আর অন্তর্ভুক্ত করা যাবে না।

8.২.৩ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিনিয়োগ প্রকল্প সংশোধনের সময় প্রকল্পের মেয়াদ অনূর্ধ্ব ১(এক) বছর বৃদ্ধি করা যাবে। তবে ৫.১ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে সংশোধনের সময় আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না।

8.২.৪ প্রকল্পের অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে প্রকল্প সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রকল্প সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াকরণ করা যাবে না।

- ৪.৩ একনেক এবং মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক বিনিয়োগ প্রকল্প সংশোধনের প্রস্তাব অনুমোদন
- ৪.৩.১ অনুচ্ছেদ ৪.২ এ বর্ণিত অবস্থা বহির্ভূত প্রথম সংশোধন এবং পরবর্তী সকল সংশোধনের ক্ষেত্রে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প সংশোধনের কারণ/যৌক্তিকতাসহ সংশোধিত প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) (সংযোজনী-৬/৮) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে।
- ৪.৩.২ পরিকল্পনা কমিশনে প্রাপ্ত সংশোধিত প্রকল্প প্রস্তাব বিস্তারিত পরীক্ষান্তে গ্রহণযোগ্য বলে প্রতীয়মান না হলে প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণ না করার বিষয়টি পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে হবে। বিষয়টি ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করা না হলে প্রকল্পটি পিইসি সভায় উপস্থাপন করতে হবে।
- ৪.৩.৩ কোন প্রকল্প সংশোধনের ক্ষেত্রে সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় মূল অনুমোদিত ব্যয়ের ২৫% বা ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত (যা নিম্নে হয়) বৃদ্ধি/হ্রাস পেলে সংশোধিত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। তবে, ব্যয় বৃদ্ধি/হ্রাসের মাত্রা ২৫%-এর উর্ধ্বে হলেও প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৭৫ (পঁচাত্তর) কোটি টাকার মধ্যে সীমিত থাকলে তা পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। এছাড়া, প্রকল্পের ১ম/২য় সংশোধনের সময় ব্যয় হ্রাসের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য অপরিবর্তিত থাকলে মোট ব্যয় হ্রাসের পরিমাণ নির্বিশেষে প্রকল্প সংশোধন প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।
- ৪.৩.৪ অনুচ্ছেদ ৪.২ ও ৪.৩.৩ এ বর্ণিত অবস্থা বহির্ভূত যে কোন সংশোধনের ক্ষেত্রে সংশোধিত প্রকল্প প্রস্তাব পিইসি'র সুপারিশক্রমে তা বিবেচনা ও অনুমোদনের জন্য একনেক-এর সভায় উপস্থাপন করতে হবে। একনেক-এর সভায় উপস্থাপনের নিমিত্ত পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ ২০(বিশ) কপি সংশোধিত প্রকল্প প্রস্তাব (আরডিপিপি), ৫০(পঞ্চাশ) কপি সার-সংক্ষেপ এবং প্রকল্পের উল্লেখযোগ্য বিষয় সংবলিত উপস্থাপনার (পাওয়ারপয়েন্ট) ১০ (দশ) কপি পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করবে।
- ৪.৩.৫ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ সংশোধিত প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) প্রাপ্তির পর অনুচ্ছেদ ৩.১.২ থেকে ৩.১.৭ ও ৩.২.১ এ বর্ণিত সময়সীমা অনুযায়ী পিইসি'র সুপারিশ গ্রহণ করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে।
- ৪.৩.৬ প্রকল্প সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রকল্প সংশোধনের প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে তা অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।

৫. বিনিয়োগ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি

৫.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিনিয়োগ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি

৫.১.১ প্রকল্পের কোন ধরনের সংশোধন ব্যতিরেকে কেবল বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এবং বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে আইএমইডির মতামতসহ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) মতামত বিবেচনায় নিয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বিনিয়োগ প্রকল্পের মেয়াদ কেবল একবার অনূর্ধ্ব ১(এক) বছর বৃদ্ধি করতে পারবেন।

৫.১.২ অনুচ্ছেদ ৪.২.৩ অনুযায়ী ইতোমধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সংশোধনের সময় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না, সেক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য ৫.২ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৫.১.৩ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি'র (এবং প্রযোজ্য ক্ষেত্রে ইআরডি'র) মতামত গ্রহণের নিমিত্ত প্রকল্পের অনুমোদিত মেয়াদ সমাপ্তির অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে নির্ধারিত ছকে যৌক্তিকতাসহ প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে তা অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।

৫.১.৪ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মতামত এবং মেয়াদ বৃদ্ধির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ করবে। বৈদেশিক অর্থায়ন সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির বিষয়ে ইআরডি ৭(সাত) কার্যদিবসের মধ্যে মতামত জানাবে।

৫.২ পরিকল্পনা কমিশন কর্তৃক বিনিয়োগ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি

৫.২.১ বিনিয়োগ প্রকল্পের মেয়াদ প্রথমবারেই ১(এক) বছরের অধিক বৃদ্ধির প্রয়োজন হলে কিংবা ৪.২.৩ অথবা ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির পর পুনরায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।

৫.২.২ প্রকল্পের কোন ধরনের সংশোধন ব্যতিরেকে কেবল বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে প্রকল্পের অনুমোদিত মেয়াদ সমাপ্তির অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যৌক্তিকতাসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব যুগপৎ পরিকল্পনা কমিশন এবং আইএমইডিতে প্রেরণ করতে হবে। প্রকল্পে বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশন এবং আইএমইডির পাশাপাশি ইআরডিতেও প্রেরণ করতে হবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হলে তা অনুমোদনের জন্য সুপারিশ কিংবা প্রক্রিয়াকরণ করা যাবে না।

- ৫.২.৩ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মতামত এবং মেয়াদ বৃদ্ধির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে। একই সাথে বিষয়টি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকেও অবহিত করবে। আইএমইডি'র সুপারিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে ইআরডি'র মতামত প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত সিদ্ধান্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।
- ৫.২.৪ আইএমইডি'র সুপারিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে ইআরডি'র মতামত পাওয়ার পর প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি ও ইআরডি'র সুপারিশ/মতামত, প্রকল্পের অনুমোদিত মেয়াদ, ইতোমধ্যে প্রকল্পটি সংশোধিত হলে এবং সংশোধনকালে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে তা পর্যালোচনা করে বাস্তবতার নিরিখে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।
- ৫.২.৫ বিনিয়োগ প্রকল্পের মেয়াদ প্রথমবার অনূর্ধ্ব ২(দুই) বছর কিংবা অনুচ্ছেদ ৫.১ অনুযায়ী প্রথমবার উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে দ্বিতীয়বার অনূর্ধ্ব ২(দুই) বছর বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগের সদস্য অনুমোদন করবেন।
- ৫.২.৬ বিশেষ বিবেচনায় তৃতীয়বার প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। এক্ষেত্রে ৫.২.২ ও ৫.২.৩ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি ও সময়সীমা অনুযায়ী প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে।
- ৫.২.৭ একান্ত অপরিহার্য হলে প্রকল্পের চতুর্থ ও তৎপরবর্তী মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সম্মতিক্রমে একনেক-এর বিবেচনা ও অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ কর্তৃক সার-সংক্ষেপ উপস্থাপন করতে হবে। এছাড়া, বিশেষ ক্ষেত্রে (নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন করার জন্য একনেক-এর নির্দেশনা থাকলে কিংবা এ সংক্রান্ত অনুরূপ কোন নির্দেশনা/সিদ্ধান্ত থাকলে) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব একনেক-এর বিবেচনা ও অনুমোদনের জন্য সার-সংক্ষেপ উপস্থাপন করতে হবে। এক্ষেত্রেও ৫.২.২ ও ৫.২.৩ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি ও সময়সীমা অনুযায়ী প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে।

৬.০ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প

৬.১ ৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত ছকে (সংযোজনী-ক/খ) সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রণয়ন করতে হবে। প্রকল্পের গুরুত্ব/প্রকৃতি বিবেচনায় ৫০(পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রাক্কলিত ব্যয়ের বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বেও সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করতে হবে।

৬.২ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রণয়ন ও অনুমোদন

৬.২.১ বাস্তবায়নকারী সংস্থা সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রস্তাব সমীক্ষা ছকে (সংযোজনী-ট) প্রণয়ন করবে। ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন (সার-সংক্ষেপের নমুনা: সংযোজনী-ষ)।

৬.২.২ ৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ কর্তৃক প্রক্রিয়াকরণ করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ তা পরীক্ষান্তে পিইসি সভায় উপস্থাপন করবে এবং পিইসি'র সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রকল্প অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সময়সীমা বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে বর্ণিত অনুরূপ সময়সীমা প্রযোজ্য হবে।

৬.২.২(ক) ৫(পাঁচ) কোটি টাকার উর্ধ্বে এবং ৫০(পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।

৬.২.২(খ) ৫০(পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হবে।

৬.২.৩ সংস্থার সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হলে তা অনুচ্ছেদ ১১ এর আলোকে ডিপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনুমোদিত হবে এবং পরবর্তীতে সংশোধন, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় এবং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রেও উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.৩ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প সংশোধন

৬.৩.১ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প একবার (উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কিংবা পরিকল্পনা কমিশন কর্তৃক) সংশোধন করা যাবে।

৬.৩.২ সম্পূর্ণ/আংশিক বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে প্রকল্প সংশোধনের প্রস্তাব বিবেচনার ক্ষেত্রে আবশ্যিকভাবে ইআরডির সম্মতি গ্রহণ করতে হবে।

- ৬.৩.৩ প্রস্তাবিত সংশোধিত সমীক্ষা প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অনুমোদিত ব্যয়ের ২০% কিংবা ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত (যা নিম্নে হয়) বৃদ্ধি/হ্রাস পেলে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। প্রকল্প সংশোধনকালে প্রকল্পের মেয়াদ অনূর্ধ্ব ১(এক) বছর বৃদ্ধি করা যাবে; তবে ৬.৪.১ অনুচ্ছেদ অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইতোমধ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে সংশোধনকালে আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না। উল্লেখ্য, পরিকল্পনা কমিশনের মাধ্যমে অনুমোদিত সমীক্ষা প্রকল্প উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সংশোধনকালে কোন নতুন অঙ্গ অন্তর্ভুক্ত কিংবা অর্থায়নের উৎস/ধরন পরিবর্তন করা যাবে না।
- ৬.৩.৪ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে অনুমোদিত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে ৬.৩.৩ অনুচ্ছেদে উল্লিখিত ব্যয় সীমার (বৃদ্ধি/হ্রাস) মধ্যে রেখে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়েই সংশোধন করতে হবে।
- ৬.৩.৫ মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী এবং একনেক কর্তৃক অনুমোদিত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে এবং প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের ব্যয় বৃদ্ধি/হ্রাস অনুচ্ছেদ ৬.৩.৩ এ বর্ণিত ব্যয়সীমা অতিক্রম করলে কিংবা শর্তের (নতুন অঙ্গ অন্তর্ভুক্তি, অর্থায়ন, মেয়াদ ইত্যাদি) ব্যত্যয় হলে তা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করতে হবে। প্রস্তাবিত সংশোধিত প্রকল্প পিইসি'র সুপারিশক্রমে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। প্রকল্প সংশোধনকালে প্রকল্পের মেয়াদ অনূর্ধ্ব ১(এক) বছর বৃদ্ধি করা যাবে।
- ৬.৩.৬ কোন সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প বিশেষ কারণে ২য় সংশোধনের প্রয়োজন হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সম্মতি গ্রহণপূর্বক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ কর্তৃক অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। ২য় সংশোধনের প্রস্তাব পিইসি'র সুপারিশক্রমে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।
- ৬.৩.৭ প্রকল্পের অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে; অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রকল্প সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।

৬.৪ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

- ৬.৪.১ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সাধারণভাবে নিরুৎসাহিত করা হবে। তবে মেয়াদ বৃদ্ধি অনিবার্য হলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কেবল প্রথমবার অনূর্ধ্ব ১(এক) বছর বৃদ্ধি করা যাবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করবেন। উল্লেখ্য, ইতোমধ্যে প্রকল্পটি সংশোধন করা হয়ে থাকলে এবং অনুচ্ছেদ ৬.৩.৩ অনুযায়ী সংশোধনের সময় মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না।

- ৬.৪.২ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মেয়াদ প্রথমবারেই ১(এক) বছরের অধিক কিংবা দ্বিতীয়বার মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব বিনিয়োগ প্রকল্পের জন্য বর্ণিত পদ্ধতি অনুসরণ করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।
- ৬.৪.৩ প্রকল্পে সম্পূর্ণ/আংশিক বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব বিবেচনার ক্ষেত্রে আইএমইডির সুপারিশসহ আবশ্যিকভাবে ইআরডি'র সম্মতি গ্রহণ করতে হবে।
- ৬.৪.৪ প্রকল্পের অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই মেয়াদ বৃদ্ধির জন্য প্রক্রিয়াকরণ করতে হবে; অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।
- ৬.৪.৫ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মেয়াদ দুই বারের বেশি বৃদ্ধি করা যাবে না।

৭. বৈদেশিক অর্থায়নের জন্য প্রাথমিক প্রকল্প প্রস্তাব

- ৭.১ বিনিয়োগ/কারিগরি সহায়তা প্রকল্পের জন্য বৈদেশিক অর্থায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছকে (পিডিপিপি) (সংযোজনী-ড) প্রস্তাব প্রণয়ন করে যুগপৎ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে প্রেরণ করবে। ব্যয় নির্বিশেষে প্রণীত এ ধরনের প্রস্তাব প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্প প্রস্তাবের গ্রহণযোগ্যতা সম্পর্কে মতামত চূড়ান্ত করবে এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে মতামত/নীতিগত অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডিতে প্রেরণ করবে এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।
- ৭.২ প্রকল্পের কলেবর, প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করে সমীক্ষার সুপারিশসহ প্রাথমিক প্রকল্প প্রস্তাব (পিডিপিপি) অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে।
- ৭.৩ কেবল অনুমোদিত কিংবা নীতিগতভাবে অনুমোদিত প্রকল্প/কর্মসূচিতে বৈদেশিক অর্থায়নের বিষয়ে উন্নয়ন সহযোগীর সাথে ইআরডি আলোচনা করবে। ইআরডি'র মাধ্যমে উন্নয়ন সহযোগীর নিকট থেকে ইতিবাচক সাড়া প্রাপ্তির পর বৈদেশিক সহায়তাপুষ্ঠ প্রকল্পের জন্য ডিপিপি/টিএপিপি প্রণয়ন করতে হবে। উন্নয়ন সহযোগীর সাথে আলোচনা ও নেগোশিয়েশনের প্রাথমিক পর্যায় থেকে চূড়ান্ত পর্যায় পর্যন্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থার অংশগ্রহণের বিষয়টি ইআরডি নিশ্চিত করবে, যাতে প্রকল্পের অর্থায়নের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট সকলে অবহিত থাকে। উন্নয়ন সহযোগীর দলিল (সমীক্ষা প্রতিবেদন, এপ্রাইজাল রিপোর্ট, ঋণ/অনুদান চুক্তি/সমঝোতা স্মারক ইত্যাদি) চূড়ান্তকরণের পর্যায়ে তাদের নিকট থেকে প্রাপ্ত তথ্যের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যুগপৎভাবে ডিপিপি/টিএপিপি প্রণয়ন করবে।

৭.৪ বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত বিনিয়োগ প্রকল্প প্রস্তাব (ডিপিপি) কিংবা কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব (টিএপিপি) অনুমোদনের জন্য যথারীতি বিনিয়োগ প্রকল্পের জন্য অনুচ্ছেদ ১, ২ ও ৩ এবং কারিগরি সহায়তা প্রকল্পের জন্য অনুচ্ছেদ ৮ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৮. কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প

কোন প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তি বা কারিগরি জ্ঞান হস্তান্তর, জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি ইত্যাদির জন্য পণ্য ক্রয়/ভাড়া, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা, ভৌত সেবা, প্রশিক্ষণ, সেমিনার, ইত্যাদি কার্য সম্পাদনের সাথে সম্পর্কিত সুবিধা প্রদানকারী উপকরণাদি বা কোন প্রতিষ্ঠানের সরঞ্জাম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, অনুসন্ধানমূলক খননকার্য, নিরাপত্তা সেবা ইত্যাদি কার্যাবলির জন্য গৃহীত প্রকল্প কারিগরি সহায়তা প্রকল্প/কারিগরি প্রকল্প হিসেবে বিবেচিত হবে।

৮.১ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প প্রণয়ন

৮.১.১ সম্পূর্ণ বৈদেশিক অর্থায়নে, জিওবি ও বৈদেশিক অর্থায়নে কিংবা জিওবি, সংস্থার নিজস্ব তহবিল ও বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হলে ‘কারিগরি সহায়তা প্রকল্প ছকে (টিএপিপি) (সংযোজনী ছ)’ কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।

৮.১.২ সম্পূর্ণ জিওবি অর্থায়নে কিংবা জিওবি ও সংস্থার নিজস্ব অর্থায়নে কিংবা সম্পূর্ণ সংস্থার নিজস্ব অর্থায়নে কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করা যাবে না। এক্ষেত্রে কারিগরি সহায়তা প্রকল্পের উদ্দেশ্যের অনুরূপ উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ করা হলে ‘কারিগরি প্রকল্প ছকে (সংযোজনী জ)’ কারিগরি প্রকল্প প্রস্তাব (টিপিপি) প্রণয়ন করতে হবে।

৮.১.৩ বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে কারিগরি সহায়তা প্রকল্প/কারিগরি প্রকল্পের মেয়াদ অনূর্ধ্ব ৩(তিন) বছর হবে।

৮.১.৪ বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সনাক্তকরণ ও প্রণয়ন এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প যাচাইয়ের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে:

৮.১.৪(১) বিদ্যমান স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি জাতীয় নীতি/পরিকল্পনা/কর্মসূচিতে (ব-দ্বীপ পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি ইত্যাদি) বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্যসহ মন্ত্রণালয়ের নিজস্ব স্ট্র্যাটেজিক পলিসি ইত্যাদি বিবেচনা;

৮.১.৪(২) দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা ও অগ্রাধিকার বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা, প্রযোজ্য ক্ষেত্রে বৈদেশিক অর্থায়নের নিশ্চয়তা;

৮.১.৪(৩) মন্ত্রণালয়/বিভাগের মধ্য মেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) সিলিং বিবেচনা;

- ৮.১.৪(৪) প্রস্তাবিত পরামর্শ সেবা, জনবল, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি খাতের প্রয়োজনীয়তা বিশ্লেষণসহ ব্যয় বাস্তবভিত্তিককরণ;
- ৮.১.৪(৫) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে পরামর্শকের জন্য প্রণীত কার্যপরিধি, যোগ্যতা ও অভিজ্ঞতার পর্যাপ্ততা/মান স্পষ্টীকরণ;
- ৮.১.৪(৬) কাউন্টারপার্ট পারসোনেলের পদের নাম, সংখ্যা ও কার্যপরিধি উল্লেখ;
- ৮.১.৪(৭) সংস্থার কারিগরি জ্ঞানের চাহিদা পূরণে পরামর্শক কর্তৃক কাউন্টারপার্ট পারসোনেলদের কারিগরি জ্ঞান হস্তান্তরের কৌশল/পরিকল্পনা;
- ৮.১.৪(৮) টিএপিপি'র বিভিন্ন অংশের মধ্যে সামঞ্জস্য রক্ষা;
- ৮.১.৪(৯) প্রকল্পের অঙ্গ ও অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের যথার্থতা নিশ্চিতকরণ;
- ৮.১.৪(১০) প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের সাথে পরিচালন বাজেটের আওতাভুক্ত কর্মসূচি এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহার;
- ৮.১.৪(১১) প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সম্ভাব্য ঝুঁকি ও তা থেকে উত্তরণের উপায় বিশ্লেষণ; এবং
- ৮.১.৪(১২) প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি/আসবাবপত্র/যানবাহন প্রকল্প সমাপ্তির পর কিভাবে ব্যবহার করা হবে তা সুস্পষ্টভাবে টিএপিপি/টিপিপিতে উল্লেখ করতে হবে।

৮.২ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প যাচাই, মূল্যায়ন ও অনুমোদন

- ৮.২.১ সরকারের অ্যালোকেশন অব বিজনেস অবশ্যই বিবেচনায় নিতে হবে এবং অ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব অধিক্ষেত্রের মধ্যে থেকে প্রকল্প গ্রহণ করবে। প্রকল্পের সাথে এডিপি'র সেক্টরের সংশ্লিষ্টতা অনুযায়ী পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ নির্ধারিত হবে। কোন প্রকল্পের সাথে একাধিক সেক্টর/সাব-সেক্টরের সংশ্লিষ্টতা থাকলে যে সেক্টর/সাব-সেক্টরের সাথে আর্থিকভাবে অপেক্ষাকৃত বেশি সংশ্লিষ্টতা থাকবে পরিকল্পনা কমিশনের সে সেক্টর/সাব-সেক্টর কর্তৃক প্রকল্প প্রক্রিয়াকরণ করতে হবে।
- ৮.২.২ বাস্তবায়নকারী সংস্থা কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব (টিএপিপি) এবং কারিগরি প্রকল্প প্রস্তাব (টিপিপি) প্রণয়ন করে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। সংস্থা থেকে টিএপিপি/টিপিপি প্রাপ্তির পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ অনুচ্ছেদ ৮.১ এ বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রেখে প্রকল্প প্রস্তাবটি পরীক্ষা করবে এবং প্রকল্প যাচাই কমিটির সভা আয়োজন করবে।

- ৮.২.৩ বৈদেশিক অর্থায়ন এবং জিওবি অর্থসহ কারিগরি সহায়তা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় অনূর্ধ্ব ১০(দশ) কোটি টাকা এবং জিওবি অর্থের পরিমাণ মোট প্রাক্কলিত ব্যয়ের ৩০(ত্রিশ) শতাংশের মধ্যে সীমিত থাকলে এরূপ প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সম্পন্ন হবে। বাস্তবায়নকারী সংস্থা হতে প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রকল্প প্রস্তাবটি বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিএসপিইসি) (সংযোজনী-ফ) বিবেচনার জন্য পেশ করবে। উল্লেখ্য, ডিএসপিইসি সভা অনুষ্ঠানের অন্ততঃ ৫(পাঁচ) কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারি করতে হবে। ডিএসপিইসি'র সুপারিশের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদন করবেন (সার-সংক্ষেপের নমুনা: সংযোজনী-র)।
- ৮.২.৪ কারিগরি সহায়তা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১০(দশ) কোটি টাকার উর্ধ্বে হলে কিংবা জিওবি কর্তৃক অর্থায়ন প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৩০(ত্রিশ) শতাংশের অধিক হলে কিংবা কারিগরি সহায়তা প্রকল্পের ফলশ্রুতিতে কোন বিনিয়োগ প্রকল্প গ্রহণের পরিকল্পনা থাকলে প্রকল্প প্রস্তাবটি (টিএপিপি) অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
- ৮.২.৫ সম্পূর্ণ জিওবি অর্থায়নে কিংবা জিওবি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রণীত কারিগরি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নির্বিশেষে অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কারিগরি প্রকল্প প্রস্তাব (টিপিপি) পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে।
- ৮.২.৬ সংস্থার সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে কারিগরি প্রকল্প গ্রহণ করা হলে তা অনুচ্ছেদ ১১ এর আলোকে ডিএসপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনুমোদিত হবে এবং পরবর্তীতে সংশোধন, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় এবং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রেও উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করবে।
- ৮.২.৭ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব এবং কারিগরি প্রকল্প প্রস্তাব পরীক্ষান্তে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের মতামতসহ বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির (সংযোজনী প) সভায় উপস্থাপন করবে। উল্লেখ্য, এসপিইসি'র সভা অনুষ্ঠানের অন্ততঃ ৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে কার্যপত্রসহ সভার নোটিশ জারি করতে হবে এবং সভা অনুষ্ঠানের ৭(সাত) কার্যদিবসের মধ্যে সভার কার্যবিবরণী জারি করতে হবে। কার্যবিবরণী প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে এসপিইসি সভার সুপারিশের আলোকে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পুনর্গঠিত টিএপিপি/টিপিপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করতে হবে।
- ৮.২.৮ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পুনর্গঠিত টিএপিপি/টিপিপি প্রাপ্তির কিংবা পুনর্গঠনের প্রয়োজন না হলে এসপিইসি সভার কার্যবিবরণী জারির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-ডিভিশন কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব এবং কারিগরি প্রকল্প প্রস্তাব অনুমোদনের নিমিত্ত সার-সংক্ষেপ উপস্থাপন করবে (সংযোজনী-শ)।

৮.২.৯ ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব (টিএপিপি) এবং কারিগরি প্রকল্প প্রস্তাব (টিপিপি) পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের প্রকল্প প্রস্তাব (টিএপিপি/টিপিপি) বিবেচনা ও অনুমোদনের জন্য একনেক সভায় উপস্থাপন করতে হবে।

৮.২.১০ প্রকল্পের পদ/জনবলের ধরন ও সংখ্যা নির্ধারণের জন্য অর্থ বিভাগে গঠিত উন্নয়ন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির সুপারিশ আছে কি না এ বিষয়টি এসপিইসি/ডিএসপিইসি'র সভায় নিশ্চিত করতে হবে। তবে কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পে সরাসরি/আউটসোর্সিং/প্রেমণে জনবল নিয়োগের সংশ্লেষ না থাকলে অর্থাৎ জনবলের বেতন-ভাতা খাতে প্রকল্প হতে কোন ব্যয় নির্বাহের সংশ্লেষ না থাকলে অর্থ বিভাগে গঠিত জনবল নির্ধারণ কমিটির সুপারিশ প্রয়োজন হবে না।

৮.২.১১ কোন কারিগরি সহায়তা প্রকল্পে বৈদেশিক অর্থায়নের প্রয়োজনে জরুরিভিত্তিতে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে চুক্তি স্বাক্ষরের জন্য প্রস্তাবের উপর নীতিগত অনুমোদন গ্রহণের প্রয়োজন দেখা দিলে বিশেষ ক্ষেত্র হিসেবে ডিএসপিইসি/এসপিইসি'র মাধ্যমে কারিগরি সহায়তা প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণ স্থগিত রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অথবা পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ (যথা প্রযোজ্য ক্ষেত্রে) প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের 'প্রত্যাশিত অনুমোদন' গ্রহণ করবে। তবে শর্ত থাকে, এক্ষেত্রে 'প্রত্যাশিত অনুমোদন' লাভের ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে অনুচ্ছেদ ৮.১ ও ৮.২ এ বর্ণিত নির্দেশনার আলোকে কারিগরি সহায়তা প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৯. কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সংশোধন

৯.১.১ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের সংশোধন সাধারণভাবে নিরুৎসাহিত করা হবে। যৌক্তিক কারণে প্রকল্পের মোট ব্যয় বৃদ্ধি/হ্রাস, মেয়াদ বৃদ্ধি/হ্রাস, কাজের পরিমাণ বৃদ্ধি/হ্রাস, নতুন আইটেম অন্তর্ভুক্তি, বিদ্যমান আইটেম বাদ দেওয়া, প্রকল্পের উদ্দেশ্য, অর্থায়নের ধরন ও উৎস, জনবল ও যানবাহনের ধরন/সংখ্যা ইত্যাদির পরিবর্তন একান্ত অপরিহার্য হলে কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সংশোধন করা যাবে। কোন প্রকল্প ২(দুই) বারের বেশি সংশোধন করা যাবে না। তবে বিশেষ কারণে ২(দুই) বারের বেশি সংশোধনের প্রয়োজন হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমতিক্রমে পরিকল্পনা কমিশন কর্তৃক তা প্রক্রিয়াকরণ করতে হবে।

৯.১.২ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সংশোধনের জন্য বাস্তবায়নকারী সংস্থা সংশোধিত প্রকল্প ছকে (আরটিএপিপি/আরটিপিপি) (সংযোজনী-৬ এবং সংযোজনী-৭) প্রস্তাব প্রণয়ন করবে। বৈদেশিক সহায়তাপুঞ্জ কারিগরি সহায়তা প্রকল্পের সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে ইআরডি'র সম্মতি গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ইআরডি মতামত প্রেরণ করবে। সংশোধিত প্রকল্প প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ের জন্য সময়সীমা মূল প্রকল্প প্রক্রিয়াকরণের জন্য অনুরূপ পর্যায়ের নির্ধারিত সময়সীমা প্রযোজ্য হবে।

- ৯.১.৩ কোনক্রমেই প্রকল্পের ঘটনাত্তোর অনুমোদন (Post Facto Approval) দেওয়া যাবে না। ‘ঘটনাত্তোর অনুমোদন’ বলতে অনুমোদিত প্রকল্পের অঙ্গাভিত্তিক ব্যয়ের অতিরিক্ত ব্যয় অথবা প্রকল্প অনুমোদন ব্যতিরেকে কিংবা অনুমোদিত প্রকল্পে ক্রয়/বাস্তবায়ন/ব্যবহারের সংস্থান নেই এমন কোন পণ্য/কার্য/সেবা এবং অঙ্গাভিত্তিক অনুমোদিত পরিমাণের অতিরিক্ত ক্রয়/বাস্তবায়ন/ব্যবহার করার পর তা অনুমোদনের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন-কে বুঝাবে।
- ৯.১.৪ প্রকল্প সংশোধনের ক্ষেত্রে ব্যয় অস্বাভাবিক বৃদ্ধি পেলে তার যথার্থতা বিশদভাবে পরীক্ষা করতে হবে এবং সংশোধনের পরিবর্তে প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করে প্রয়োজনে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।
- ৯.২ প্রথম সংশোধনের ক্ষেত্রে অনুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প কিংবা কারিগরি প্রকল্পের উদ্দেশ্য, অর্থায়নের ধরন ও উৎস এবং জনবল ও যানবাহনের কোন পরিবর্তন ব্যতিরেকে এবং ফিজিক্যাল/প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্প ব্যয় ২৫% অথবা ২০(বিশ) কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি/হ্রাস পেলে (যা নিম্নে হয়) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ডিএসপিইসি’র সুপারিশক্রমে সংশোধিত প্রকল্প প্রস্তাব (আরটিএপিপি/আরটিপিপি) অনুমোদন করবেন। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সংশোধনের সময় প্রকল্পের মেয়াদ অনূর্ধ্ব ১ (এক) বছর বৃদ্ধি করা যাবে। তবে অনুচ্ছেদ ১০.১.১ অনুযায়ী ইতোমধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে প্রকল্প সংশোধনকালে আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না। উল্লেখ্য, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প সংশোধনের সময় কোন নতুন অঙ্গ অন্তর্ভুক্ত করা যাবে না এবং অনুমোদিত প্রকল্পের কোন গুরুত্বপূর্ণ অঙ্গ বাদ দেওয়া যাবে না।
- ৯.৩ অনুচ্ছেদ ৯.২ এর অবস্থা বহির্ভূত প্রথম সংশোধন এবং পরবর্তী সকল সংশোধনের ক্ষেত্রে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প সংশোধনের প্রস্তাব নির্ধারিত ছকে (আরটিএপিপি/আরটিপিপি) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে। পরিকল্পনা কমিশনে প্রাপ্ত সংশোধিত প্রকল্প প্রস্তাব গ্রহণযোগ্য বলে প্রতীয়মান না হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে পরিকল্পনা কমিশন ২০(বিশ) কার্যদিবসের মধ্যে প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণ না করার বিষয়টি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে। গ্রহণযোগ্য প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ সংশোধিত প্রকল্প প্রস্তাব (আরটিএপিপি/আরটিপিপি) প্রাপ্তির পর অনুচ্ছেদ ৮.২.৭-৮.২.৮ এ বর্ণিত সময়সীমা অনুযায়ী এসপিইসি’র সুপারিশক্রমে অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নিকট উপস্থাপন করবে। পরিকল্পনা কমিশনে প্রাপ্ত সকল সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব এবং সংশোধিত কারিগরি প্রকল্প প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।
- ৯.৪ প্রকল্পের অনুমোদিত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে; অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর প্রকল্প সংশোধনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।

১০. কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

১০.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি

১০.১.১ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের সংশোধন ব্যতিরেকে কেবল মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে আইএমইডি এবং বৈদেশিক অর্থায়নের সংশ্লেষ থাকলে ইআরডি'র মতামত বিবেচনায় নিয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী প্রকল্প মেয়াদ 'কেবল একবার অনূর্ধ্ব ১(এক) বছর' বৃদ্ধি করতে পারবেন।

১০.১.২ ইতোমধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সংশোধনের সময় (অনুচ্ছেদ ৯.২ অনুযায়ী) প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আর মেয়াদ বৃদ্ধি করা যাবে না। ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য অনুচ্ছেদ ১০.২ এ বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১০.১.৩ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি এবং প্রযোজ্য ক্ষেত্রে আইএমইডিসহ ইআরডি'র মতামত গ্রহণের নিমিত্ত প্রকল্পের অনুমোদিত মেয়াদ সমাপ্তির অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে নির্ধারিত ছকে যৌক্তিকতাসহ প্রস্তাব প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে আইএমইডি ১৫(পনের) দিনের মধ্যে এবং ইআরডি ৭(সাত) দিনের মধ্যে মতামত জানাবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর মেয়াদ বৃদ্ধির বিষয়ে মতামত প্রদানের জন্য আইএমইডি/ইআরডিতে প্রস্তাব প্রেরণ করা যাবে না।

১০.২ পরিকল্পনা কমিশন কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি

১০.২.১ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ প্রথমবারেই ১(এক) বছরের অধিক বৃদ্ধির প্রয়োজন হলে কিংবা ৯.২ অথবা ১০.১ অনুচ্ছেদ অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির পর পুনরায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।

১০.২.২ প্রকল্পের সংশোধন ব্যতিরেকে কেবল বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে প্রকল্পের অনুমোদিত মেয়াদ সমাপ্তির অন্ততঃ ৩(তিন) মাস পূর্বে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ যৌক্তিকতাসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব যুগপৎ পরিকল্পনা কমিশন এবং আইএমইডিতে প্রেরণ করবে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হলে তা অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে না।

১০.২.৩ কারিগরি সহায়তা প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পরিকল্পনা কমিশন এবং আইএমইডিতে প্রস্তাব প্রেরণের পাশাপাশি ইআরডির সম্মতি গ্রহণের বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রস্তাবটি ইআরডিতেও প্রেরণ করতে হবে।

- ১০.২.৪ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডি প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মতামত/মন্তব্যসহ মেয়াদ বৃদ্ধির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ পরিকল্পনা কমিশন এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। আইএমইডি'র সুপারিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে ইআরডি'র মতামত প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত সিদ্ধান্ত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।
- ১০.২.৫ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ প্রথমবার অনূর্ধ্ব ২(দুই) বছর বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সদস্য অনুমোদন করবেন। অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রথমবার উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়ে থাকলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগের সদস্য দ্বিতীয়বার অনূর্ধ্ব ২(দুই) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করবেন।
- ১০.২.৬ অনুচ্ছেদ ১০.২.৫ এর বহির্ভূত অবস্থার ক্ষেত্রে অর্থাৎ কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ প্রথম/দ্বিতীয় বার দুই বছরের অধিক বৃদ্ধির প্রয়োজন হলে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। তবে, দুই বারের বেশি কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না।
- ১০.৩ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সাথে প্রকল্পের ব্যয় হ্রাস/বৃদ্ধির প্রয়োজন হলে প্রকল্প সংশোধন করতে হবে এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে সংশোধিত প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে।
১১. স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহ কর্তৃক শতভাগ নিজস্ব অর্থায়নে বিনিয়োগ প্রকল্প গ্রহণ ও অনুমোদন
- ১১.১ প্রকল্প গ্রহণ ও প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়ন
- ১১.১.১ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের উদ্বৃত্ত সম্পদ উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করা যাবে। এক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ উপরোল্লিখিত উদ্বৃত্ত সম্পদের সাথে উন্নয়ন প্রকল্প গ্রহণে বিনিয়োগ করা যাবে। স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের উদ্বৃত্ত সম্পদ বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের সর্বশেষ নীতিমালা অথবা এর ধারাবাহিকতায় পরবর্তীতে এ সংক্রান্ত জারিকৃত পরিপত্র অনুসরণ করে অর্থ বিভাগের মনিটরিং সেল থেকে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের প্রকল্পের ক্ষেত্রে অর্থ বিভাগ থেকে প্রকাশিত 'স্থানীয়/বৈদেশিক মুদ্রার ঋণের লগী এবং পুনঃলগীর শর্তাবলী' যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- ১১.১.২ অর্থ বিভাগ থেকে ছাড়পত্র গ্রহণের পর প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষের উদ্বৃত্ত সম্পদ (ঋণ/অনুদান/উপকারভোগীদের নিকট থেকে সংগৃহীত অর্থ/শেয়ারের মাধ্যমে সংগৃহীত অর্থ/সংস্থার আয় বহির্ভূত অন্য কোন অর্থ ব্যতীত) বিনিয়োগের মাধ্যমে প্রকল্প গ্রহণ করা যাবে। এক্ষেত্রে ১ ও ২১ নং অনুচ্ছেদে বর্ণিত প্রযোজ্য বিষয়াদি বিবেচনায় রেখে বিনিয়োগ প্রকল্পের জন্য নির্ধারিত ছকে (ডিপিপি) (সংযোজনী-গ) প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে এবং প্রণীত প্রকল্প প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে।
- ১১.২ প্রকল্প প্রস্তাব যাচাই, মূল্যায়ন ও অনুমোদন:
- ১১.২.১ বাস্তবায়নকারী সংস্থা হতে প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে পাওয়ার পর প্রকল্প প্রস্তাবের ওপর অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা আহ্বান করে উপস্থাপন করতে হবে এবং যাচাই কমিটির সিদ্ধান্ত/সুপারিশের আলোকে প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনপূর্বক ডিপিপি পুনর্গঠন করতে হবে।
- ১১.২.২ প্রকল্প প্রস্তাবের ওপর মতামতের জন্য পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগসহ সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ; অর্থ বিভাগ; আইএমইডি; অভ্যন্তরীণ সম্পদ বিভাগ; জনপ্রশাসন মন্ত্রণালয়; মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের নিকট প্রেরণ করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে প্রকল্প প্রস্তাব প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে উপরোল্লিখিত মন্ত্রণালয়/বিভাগ তাদের মতামত প্রদান করবে।
- ১১.২.৩ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে মতামত পাওয়ার পর প্রকল্প প্রস্তাবের ওপর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভা আহ্বান করবে। ডিপিইসি'র সভার কার্যপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত প্রতিফলন করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে ডিপিইসিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/জাতীয় রাজস্ব বোর্ড এর একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। ডিপিইসি'র সিদ্ধান্ত/সুপারিশের আলোকে ডিপিপি পুনর্গঠন করতে হবে।
- ১১.২.৪ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহ কর্তৃক শতভাগ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।
- ১১.২.৫ পরবর্তীতে প্রকল্প সংশোধন কিংবা আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন হলে ডিপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনূর্ধ্ব দুইবার আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় কিংবা সংশোধনের প্রস্তাব অনুমোদন করবেন। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে আইএমইডি'র সুপারিশ/মতামতের আলোকে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

- ১১.২.৬ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের আওতাধীন প্রকল্পের ক্ষেত্রে ২০ (বিশ) একরের বেশি জমি অধিগ্রহণ বা ব্যবহারের সংশ্লেষ থাকলে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নির্বিশেষে তা বিবেচনা ও অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগের মাধ্যমে একনেক সভায় উপস্থাপন করতে হবে। তবে জমি অধিগ্রহণ না করে জমি ব্যবহারের জন্য সাময়িকভাবে হস্তান্তর/লিজ নেয়া হলে বিষয়টি ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭’ এর বিধান অথবা এ সংক্রান্ত জারিকৃত অন্যান্য বিধান অনুযায়ী আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১১.৩ সংস্থার (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন) নিজস্ব তহবিলের আওতাভুক্ত প্রকল্পের ক্ষেত্রে বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন, বার্ষিক বরাদ্দ বিভাজন উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ অনুমোদন করবে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত অর্থ ছাড়/ব্যয়ের বিষয়ে প্রচলিত বিধি অনুযায়ী অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১১.৪ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলে বাস্তবায়নাধীন প্রকল্প বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি এবং পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণ করতে হবে:
- ১১.৪.১ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলে বাস্তবায়নাধীন প্রকল্প বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) পৃথকভাবে অন্তর্ভুক্ত থাকবে এবং এ সকল প্রকল্পের সংখ্যা ও ব্যয় এডিপিভুক্ত মূল প্রকল্পসমূহের সংখ্যা ও ব্যয়ের সাথে যোগ করতে হবে। এ বিষয়ে এডিপির মুখবন্ধে পৃথকভাবে একটি অনুচ্ছেদ সংযোজন করতে হবে।
- ১১.৪.২ আইএমইডি স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশন উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আইএমইডি’র নির্ধারিত ছকে নিয়মিত তথ্য প্রেরণ করবে। এছাড়া মন্ত্রণালয়/বিভাগের মাসিক এডিপি পর্যালোচনা সভায়ও এ সকল প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
- ১১.৪.৩ এনইসি সভার জন্য আইএমইডি কর্তৃক প্রণীতব্য এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদনে স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের তথ্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।
১২. স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থে প্রকল্প গ্রহণ ও অনুমোদন
- ১২.১ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের (প্রকল্প বাস্তবায়নকারি সংস্থার নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থ এবং বাস্তবায়নকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন তহবিলের অর্থসহ) সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থ (যেমন: বাংলাদেশ সরকার বা উন্নয়ন সহযোগীর নিকট

থেকে সংগৃহীত ঋণ বা অনুদান, প্রকল্প সুবিধাভোগীদের নিকট থেকে সংগৃহীত অর্থ/শেয়ারের মাধ্যমে সংগৃহীত অর্থ, সংস্থার আয় বহির্ভূত অন্য কোন অর্থ ইত্যাদি) একত্রিত করে প্রকল্প গ্রহণ করা হলে অনুচ্ছেদ ১১.১ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। প্রকল্প অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ইত্যাদি বিষয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিনিয়োগ প্রকল্পের জন্য প্রযোজ্য পদ্ধতি (অনুচ্ছেদ ৩, ৪, ৫, ১৮, ১৯ ইত্যাদি) অনুসরণ করতে হবে।

১২.২ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থে বাস্তবায়নধীন এ ধরনের প্রকল্পের ক্ষেত্রে বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক বরাদ্দ বিভাজন উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে এবং তা আইএমইডিকে অবহিত করতে হবে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত অর্থ ছাড়/ব্যয়ের বিষয়ে প্রচলিত বিধি-বিধান এবং অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২.৩ স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব তহবিলের সাথে অন্য কোন উৎস হতে প্রাপ্ত/সংগৃহীত অর্থে বাস্তবায়নধীন প্রকল্প বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি এবং পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য ১১.৪ অনুচ্ছেদে বর্ণিত নিয়মাবলি অনুসরণ করতে হবে।

১৩. সেক্টর কর্মসূচি (SWAp) প্রণয়ন, অনুমোদন ও সংশোধন

১৩.১ সেক্টর কর্মসূচির Programme Implementation Plan (PIP) প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা প্রক্ষেপিত সম্পদের (Projected Resource Envelope) ভিত্তিতে নির্ধারিত ছকে Operational Plan (OP) (সংযোজনী-ঢ) প্রণয়ন করবে। বাস্তবায়নকারী সংস্থা হতে প্রাপ্ত OPসমূহের ওপর ভিত্তি করে সেক্টর কর্মসূচির জন্য উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ নির্ধারিত ছকে PIP (সংযোজনী-ণ) প্রণয়ন করবে এবং PIPর জন্য নির্ধারিত ছক অনুযায়ী সকল OPর সার-সংক্ষেপ PIPর সাথে সংযুক্ত করতে হবে।

১৩.২ সেক্টর কর্মসূচি (PIP) অনুমোদন, সংশোধন, PIP'র মোট ব্যয় অপরিবর্তিত রেখে আন্তঃওপি ব্যয় সমন্বয় এবং মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বিনিয়োগ প্রকল্পের জন্য উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রক্রিয়াকরণ করতে হবে। বিচ্ছিন্ন/এককভাবে কোন OP'র মেয়াদ বৃদ্ধি করা যাবে না।

১৩.৩ PIP/RPIP অনুমোদিত হওয়ার পর PIP/RPIPর আওতাভুক্ত OP/ROPসমূহ চূড়ান্তকরণ ও অনুমোদন, OP/ROP সংশোধন ও OP/ROP'র আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব ডিপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। এক্ষেত্রে OP/ROP প্রক্রিয়াকরণের জন্য অনুমোদিত PIP/RPIPতে একটি নির্দেশিকা সংযুক্ত করা যেতে পারে। তবে, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক OP/ROP সংশোধন কিংবা OP/ROPর আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের ক্ষেত্রে বিনিয়োগ প্রকল্পের জন্য প্রযোজ্য শর্ত/বিষয়াদি প্রতিপালন করতে হবে।

১৩.৪ অপারেশনাল প্ল্যান (OP/ROP) সংশোধন করা হলে সেক্টর কর্মসূচির মেয়াদ শেষ হওয়ার পূর্বে সেক্টর কর্মসূচি সংশোধন বিষয়টি RPIPতে প্রতিফলন করতে হবে।

১৩.৫ PIP, RPIP, OP এবং ROP'র জন্য নির্ধারিত ছক (সংযোজনী- ঢ, গ, ত, থ) প্রয়োজনে পরিমার্জন করা যাবে।

১৪. আঞ্চলিক/বৈশ্বিক (Regional/Global) কারিগরি সহায়তা প্রকল্প

১৪.১ বাংলাদেশ সরকারের আর্থিক সংশ্লেষ ছাড়া বাংলাদেশসহ অন্যান্য দেশের জন্য আঞ্চলিক/বৈশ্বিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে টিএপিপি ছকে কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব প্রণয়নের প্রয়োজন হবে না। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগীর নির্ধারিত ছকে প্রণীত আঞ্চলিক কারিগরি সহায়তা প্রকল্প দলিল অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক স্বাক্ষরিত হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এ ধরনের চুক্তি স্বাক্ষরের পর পরই প্রকল্পের স্বাক্ষরিত কপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার নিকট প্রেরণ করবে।

১৫. বেসরকারি খাতে কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন

১৫.১ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে বেসরকারি খাতে প্রাপ্ত কারিগরি সহায়তা প্রকল্পের জন্য সরকারি খাতের অনুরূপ নিয়ম (অনুচ্ছেদ ৮, ৯ ও ১০ অনুযায়ী) প্রযোজ্য হবে। অর্থনীতিতে বার্ষিক বৈদেশিক অর্থায়ন প্রবাহের হিসাব সংরক্ষণের সুবিধার্থে এ সকল প্রকল্পও বার্ষিক কারিগরি সহায়তা কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে।

১৬. অনুমোদন পত্র ও প্রশাসনিক আদেশ জারি

১৬.১.১ একনেক কর্তৃক প্রকল্প অনুমোদন সংক্রান্ত সিদ্ধান্ত (একনেক সভার অনুমোদিত কার্যবিবরণী) প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ থেকে প্রকল্পের অনুমোদনপত্র (সংযোজনী-অ) জারি করতে হবে।

১৬.১.২ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রকল্পের (মূল/সংশোধিত) ক্ষেত্রে প্রকল্প অনুমোদন সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্পের অনুমোদনপত্র (সংযোজনী-ঢ) জারি করবে।

১৬.১.৩ পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ থেকে প্রকল্পের অনুমোদনপত্র প্রাপ্তির ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পের অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ (সংযোজনী-আ) জারি করবে।

- ১৬.১.৪ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রকল্পের অনুমোদন সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারি করবে।
- ১৬.১.৫ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে প্রকল্প অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারির পর বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্পের মৌলিক তথ্যাদি পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রের (সংযোজনী-খ) আলোকে এডিপি/আরএডিপি ম্যানেজমেন্ট সিস্টেম (এএমএস) এ অন্তর্ভুক্ত করতে হবে। পরবর্তীতে প্রকল্পটি সংশোধন কিংবা ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি হলে যথারীতি এএমএস-এ তথ্যাদি হালনাগাদ করতে হবে।
- ১৬.২ একনেক কিংবা পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক শর্তসাপেক্ষে অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা/সময়সীমা অনুসরণ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে:
- ১৬.২.১ একনেক কর্তৃক কোন প্রকল্প অনুমোদনকালে প্রদত্ত নির্দেশনা/সিদ্ধান্তের (প্রাক্কলিত ব্যয়, অর্থায়ন, বাস্তবায়নকাল অথবা অন্য কোন পরিবর্তন) আলোকে প্রকল্প দলিল পুনর্গঠনের প্রয়োজন হলে অনুমোদিত কার্যবিবরণী প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট-বিভাগসহ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে তা অবহিত করতে হবে। প্রকল্প পুনর্গঠনের ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ থেকেও উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে। প্রকল্প দলিল পুনর্গঠন সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্তির ১৪(চৌদ্দ) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পুনর্গঠিত প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করতে হবে।
- ১৬.২.২ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রাপ্ত পুনর্গঠিত ডিপিপি/আরডিপিপি/টিএপিপি/টিপিপি কিংবা এফএসপিতে একনেক-এর সিদ্ধান্ত/নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কি না তা যাচাই/পরীক্ষা করে এবং প্রয়োজ্য ক্ষেত্রে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে পুনর্গঠিত ডিপিপি/আরডিপিপি/টিএপিপি/টিপিপি/এফএসপি ৭(সাত) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে। অতঃপর ৩(তিন) কার্যদিবসের মধ্যে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ প্রকল্প অনুমোদন পত্র জারি করবে। পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ থেকে জারিকৃত অনুমোদন পত্র প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পের অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ (সংযোজনী-আ) জারি করবে।
- ১৬.২.৩ একনেক-এর শর্ত পরিপালনে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তা স্পষ্টীকরণ বা নিষ্পত্তির জন্য এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে ফেরত/পত্র দিতে হবে।

১৬.২.৪ একনেক কর্তৃক শর্ত সাপেক্ষে অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে পুনর্গঠিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় একনেক সভায় উপস্থাপিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ১০% বা তদুর্ধ্ব বৃদ্ধি/হ্রাস হলে কিংবা একনেক কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালনের পরিপ্রেক্ষিতে প্রকল্পের পরিধি (Scope) পরিবর্তন হলে পুনর্গঠিত প্রকল্পটি পুনরায় পিইসি/এসপিইসি সভায় উপস্থাপন করতে হবে। পিইসি/এসপিইসি'র সুপারিশক্রমে উক্ত পরিবর্তনের বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে এবং প্রকল্পের অনুমোদন পত্র জারির লক্ষ্যে পুনর্গঠিত ডিপিপি/আরডিপিপি কিংবা টিএপিপি/টিপিপি/এফএসপি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ থেকে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে।

১৬.২.৫ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক শর্ত সাপেক্ষে (প্রাক্কলিত ব্যয়, অর্থায়ন, বাস্তবায়নকাল অথবা অন্য কোন পরিবর্তন) কোন প্রকল্প অনুমোদিত হলে উক্ত শর্ত প্রতিপালন করে প্রকল্প দলিল পুনর্গঠনের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ থেকে ৩(তিন) কার্য দিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করতে হবে। পুনর্গঠনের জন্য পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পুনর্গঠিত প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে। পুনর্গঠিত প্রকল্প দলিল প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্পের অনুমোদন পত্র জারি করবে। এক্ষেত্রে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে তা স্পষ্টীকরণ বা নিষ্পত্তির জন্য উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করে পত্র জারি করতে হবে।

১৬.২.৬ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক শর্ত সাপেক্ষে কোন প্রকল্প অনুমোদিত হলে প্রকল্প পুনর্গঠনের জন্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পত্র প্রেরণের ৭(সাত) কার্যদিবসের মধ্যে বাস্তবায়নকারী সংস্থা পুনর্গঠিত প্রকল্প দলিল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। পুনর্গঠিত প্রকল্প দলিল প্রাপ্তির অনধিক ৩(তিন) কার্যদিবসের মধ্যে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ প্রকল্পের অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারি করবে।

১৭.০ একনেক-কে অবহিতকরণ

১৭.১ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত বিনিয়োগ প্রকল্পসমূহ একনেক-এর অবগতির জন্য পেশ করতে হবে। পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক প্রকল্প (সংশোধিত প্রকল্পসহ) অনুমোদনের পর ১(এক) মাসের মধ্যে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ সার-সংক্ষেপ (সংযোজনী-হ) প্রণয়ন করে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করবে।

১৭.২ একনেক কর্তৃক অনুমোদিত বিনিয়োগ প্রকল্প, সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করার প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের ১(এক) মাসের মধ্যে বিষয়টি একনেক-এর অবগতির জন্য উপস্থাপন করতে হবে (বিস্তারিত অনুচ্ছেদ ১৮.২.২ ও ১৮.২.৩)।

১৮. প্রকল্পের বিশেষ সংশোধন এবং প্রকল্পের অনুমোদিত কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা

১৮.১ প্রকল্পের বিশেষ সংশোধন

১৮.১.১ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তন বা শুল্ক/মূল্য সংযোজন কর/অন্যান্য প্রযোজ্য করের হার/পরিমাণের পরিবর্তন, জমির মূল্য বৃদ্ধিজনিত কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি, সরকার কর্তৃক মহার্ঘ ভাতা বা অন্য ভাতা প্রদান অথবা নতুন বেতন স্কেল কার্যকর করার ফলে কিংবা অর্থ বিভাগ কর্তৃক আউটসোর্সিং নীতিমালার পরিবর্তন/সংশোধনের কারণে উন্নয়ন প্রকল্পের সংশ্লিষ্ট খাতে ব্যয় বৃদ্ধির বিশেষ প্রয়োজন দেখা দিলে প্রকল্প সংশোধন করে প্রয়োজনীয় বর্ধিত ব্যয়ের সংস্থান করা যাবে। এক্ষেত্রে ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী সংশোধিত প্রকল্প অনুমোদন করবেন। এ ধরনের সংশোধনকে প্রথম বা দ্বিতীয় সংশোধন হিসেবে বিবেচনার পরিবর্তে 'বিশেষ সংশোধন' হিসেবে বিবেচনা করা হবে।

১৮.১.২ জমির মূল্য বৃদ্ধিজনিত কারণে উপরে উল্লিখিত সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের জন্য নির্ধারিত জমির মূল্য এবং মৌজা, খতিয়ান ও দাগ নম্বর সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে জমির পরিমাণ পরিবর্তন করা যাবে না। এ ধরনের বিশেষ সংশোধনের আওতায় অনুমোদিত প্রকল্পে জমি অধিগ্রহণ খাতে সংস্থানকৃত ব্যয়ের অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) শতাংশ ব্যয় বৃদ্ধি করা যাবে। উল্লেখ্য, জমি অধিগ্রহণ খাতে ৫০(পঞ্চাশ) শতাংশের বেশি ব্যয় বৃদ্ধির প্রয়োজন হলে বিনিয়োগ প্রকল্প সংশোধনের জন্য প্রযোজ্য পদ্ধতি (অনুচ্ছেদ ৪) অনুসরণ করে প্রকল্প সংশোধন করতে হবে এবং তা 'বিশেষ সংশোধন' হিসেবে বিবেচিত না হয়ে সংশোধন হিসেবে বিবেচিত হবে।

১৮.২ প্রকল্পের অনুমোদিত কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা

১৮.২.১ কোন প্রকল্পের অনুমোদিত কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা করতে হলে প্রকল্পের হালনাগাদ অগ্রগতি, কাজ অসমাপ্ত রাখার সুনির্দিষ্ট কারণ, আইএমইডি'র সুনির্দিষ্ট মতামত এবং প্রযোজ্য ক্ষেত্রে ইআরডি'র মতামত গ্রহণ করে তা বিবেচনায় নিয়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে।

১৮.২.২ বিনিয়োগ প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করার প্রস্তাব (আরডিপিপি ছকে) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাব পাওয়ার পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় উপস্থাপন করবে। পিইসি'র সুপারিশক্রমে প্রকল্প সমাপ্তির প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।

১৮.২.৩ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্প পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক কিংবা একনেক কর্তৃক অনুমোদিত হলে এ ধরনের

প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করার প্রস্তাব (আরএফএসপি/আরটিএপিপি/আরটিপিপি ছকে) পিইসি/এসপিইসি'র সুপারিশক্রমে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।

১৮.২.৪ একনেক কর্তৃক অনুমোদিত বিনিয়োগ প্রকল্প, সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, কারিগরি সহায়তা প্রকল্প এবং কারিগরি প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করার প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের ১(এক) মাসের মধ্যে বিষয়টি একনেক-এর অবগতির জন্য উপস্থাপন করতে হবে।

১৮.২.৫ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প এবং কারিগরি সহায়তা প্রকল্প উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হলে এ ধরনের প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত করার প্রস্তাব (আরএফএসপি/আরটিএপিপি ছকে) ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হবে।

১৮.২.৬ যৌক্তিক কারণে প্রকল্পের অনুমোদিত কাজ সম্পন্ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে ১৮.২.১-১৮.২.৫ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রকল্পটি সমাপ্ত ঘোষণা না করে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হতে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা হলে আইএমইডি বিষয়টি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগকে অবহিত করবে। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ সুনির্দিষ্ট মতামতসহ বিষয়টি প্রকল্প অনুমোদনকারী কর্তৃপক্ষকে (উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কিংবা পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কিংবা একনেক) অবহিত করবে।

১৯. আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়, অর্থনৈতিক কোড/সাব-কোড সংশোধন/অন্তর্ভুক্তি এবং প্রাইস কনটিনজেন্সি ও ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ব্যবহার

১৯.১ প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়

১৯.১.১ প্রকল্পের অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয়, প্রকল্প মেয়াদ, অর্থায়নের ধরন/উৎস এবং ফিজিক্যাল/প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ অপরিবর্তিত রেখে প্রকল্পের বিভিন্ন অঙ্গের মধ্যে কেবল আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন হলে সংশোধিত প্রকল্পের জন্য প্রযোজ্য ছকে (আরডিপিপি/আরটিএপিপি/আরটিপিপি/আরএফএসপি) 'আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়' এর প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ ব্যবস্থা প্রকল্প সংশোধন হিসেবে বিবেচিত না হয়ে 'আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়' হিসেবে বিবেচিত হবে। দুইবারের বেশি কোন প্রকল্পের আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় করা যাবে না।

১৯.১.২ প্রথমবার আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। দ্বিতীয়বার আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রয়োজন হলে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী পিইসি/এসপিইসি'র সুপারিশক্রমে তা অনুমোদন করবেন।

১৯.১.৩ ভূমি অধিগ্রহণ ও জনবল অঞ্চে সংস্থানকৃত বরাদ্দ প্রকল্পের অন্য কোন অঞ্চে সংযোজনপূর্বক সমন্বয় করা যাবে না, তবে অন্য অঞ্জের জন্য সংস্থানকৃত বরাদ্দ এ দু'টি অঞ্জের সাথে সংযোজনপূর্বক সমন্বয় করা যাবে।

১৯.১.৪ আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের ক্ষেত্রে প্রকল্পের অঙ্গসমূহের পরিমাণ/সংখ্যার কোন পরিবর্তন করা যাবে না; ফিজিক্যাল/প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ব্যতিরেকে কেবল প্রকল্পের অনুমোদিত অঙ্গসমূহের (অর্থনৈতিক কোডভিত্তিক) জন্য সংস্থানকৃত মোট প্রাক্কলিত ব্যয় অপরিবর্তিত রেখে অঙ্গসমূহের ব্যয় যৌক্তিক পরিমাণে সমন্বয় (বৃদ্ধি/হ্রাস) করা যাবে।

১৯.২ অর্থনৈতিক কোড/সাব-কোড সংশোধন/অন্তর্ভুক্তি

প্রকল্পের অনুমোদিত অঞ্জের জন্য উল্লিখিত অর্থনৈতিক কোড/সাব-কোডের ভুল সংশোধন কিংবা নতুন অন্তর্ভুক্তির প্রয়োজন হলে তা একই ছকে (ডিপিপি/আরডিপিপি, টিএপিপি/আরটিএপিপি, টিপিপি/আরটিপিপি অথবা এফএসপি/আরএফএসপি) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে অনুমোদন করবেন। এ ব্যবস্থা প্রকল্প সংশোধন হিসেবে বিবেচিত হবে না।

১৯.৩ প্রাইস কনটিনজেন্সি ও ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ব্যবহার

১৯.৩.১ মূল্যস্ফীতির জন্য অনুমোদিত প্রকল্পে প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ হতে এবং বিশেষ প্রয়োজনে অতি সীমিত পরিমাণ অতিরিক্ত ভৌত কাজ সম্পাদনের জন্য ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ হতে ব্যয় সমন্বয় করা যাবে। বিনিয়োগ প্রকল্প ও সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের ক্ষেত্রে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিপিইসি) এবং কারিগরি সহায়তা প্রকল্প ও কারিগরি প্রকল্পের ক্ষেত্রে বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি'র (ডিএসপিইসি) সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী এ ধরনের ব্যয় সমন্বয়ের প্রস্তাব অনুমোদন করবেন। এ ব্যবস্থা 'প্রকল্প সংশোধন' কিংবা 'আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়' হিসেবে বিবেচিত হবে না এবং এ ধরনের ব্যয় সমন্বয় (বৃদ্ধি) প্রকল্প মেয়াদে কোন অঞ্চে একবারের বেশি করা যাবে না।

১৯.৩.২ প্রাইস কনটিনজেন্সি খাত হতে কোন অনুমোদিত অঞ্জের ব্যয় ঐ অঞ্জের সর্বোচ্চ ৩০% বৃদ্ধি করা যাবে।

- ১৯.৩.৩ কোন অনুমোদিত ভৌত অঞ্জের কাজের পরিমাণ বিশেষ প্রয়োজনে ঐ অঞ্জের কাজের পরিমাণের সর্বোচ্চ ১৫% বৃদ্ধি করা যাবে এবং এ খরনের অতিরিক্ত ভৌত কাজের জন্য ফিজিক্যাল কনটিনজেন্সি খাত হতে ঐ অঞ্জের সর্বোচ্চ ৩০% ব্যয় বৃদ্ধি করা যাবে।
- ১৯.৩.৪ ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ মূল্যস্ফীতির ক্ষেত্রে ব্যয় করা যাবে না এবং প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ভৌত কাজের পরিমাণ বৃদ্ধির ক্ষেত্রে ব্যয় করা যাবে না।
- ২০.০ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং দুর্নীতি দমন কমিশনের আওতায় গৃহীত/বাস্তবায়নধীন প্রকল্প
- ২০.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প, কারিগরি সহায়তা প্রকল্প, কারিগরি প্রকল্প, সংশোধিত বিনিয়োগ প্রকল্প, সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্প, সংশোধিত কারিগরি প্রকল্প, ও সংশোধিত সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প এবং প্রকল্পের আন্তঃঅঞ্চ ব্যয় সমন্বয়সহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও প্রাইস/ফিজিক্যাল কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত বরাদ্দ ব্যবহার সংশ্লিষ্ট প্রস্তাব অনুমোদন করবেন (অনুচ্ছেদ ৪.২, ৫.১, ৬.২.১, ৬.৩.১, ৬.৪.১, ৮.২.৩, ৮.২.৫, ৯.২, ১০.১, ১৬.১.৪, ১৬.২.৬, ১৮.১, ১৮.২.৫, ১৯.১, ১৯.২ ও ১৯.৩)।
- ২০.২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং দুর্নীতি দমন কমিশনের আওতায় গৃহীত/বাস্তবায়নধীন প্রকল্পের ক্ষেত্রে যথাক্রমে মাননীয় স্পিকার, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের চেয়ারম্যান এবং দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ডিপিইসি/ডিএসপিইসি'র সুপারিশক্রমে ২০.১ অনুচ্ছেদে বর্ণিত অনুরূপ প্রস্তাব অনুমোদন করবেন।

২১. সাধারণ বিষয় :

- ২১.১ অ্যালোকেশন অব বিজিনিস অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব অধিক্ষেত্রের মধ্যে থেকে প্রকল্প প্রণয়ন করবে। প্রয়োজনে কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে প্রকল্প প্রস্তাব করা হলে উপযুক্ত মন্ত্রণালয়/বিভাগকে Lead মন্ত্রণালয়/বিভাগ হিসেবে নির্ধারণ করতে হবে। তবে সাধারণভাবে একাধিক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে গুচ্ছ/আমব্রেলা প্রকল্প গ্রহণ পরিহার করতে হবে।
- ২১.২ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের সাথে এডিপি'র সংশ্লিষ্টতা অনুযায়ী সেক্টর নির্ধারণ করতে হবে এবং সে অনুযায়ী পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে প্রকল্প প্রস্তাব (ডিপিপি/টিএপিপি) প্রেরণ করতে হবে। কোন প্রকল্পের সাথে একাধিক সেক্টর/সাব-সেক্টরের সংশ্লিষ্টতা থাকলে যে সেক্টর/সাব-সেক্টরের সাথে আর্থিকভাবে অপেক্ষাকৃত বেশি সংশ্লিষ্টতা থাকবে পরিকল্পনা কমিশনের সে সেক্টর/সাব-সেক্টরে প্রকল্প প্রক্রিয়াকরণ করতে হবে।

- ২১.৩ ‘বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫’ এবং ‘পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭’ অনুযায়ী লাল শ্রেণিভুক্ত বিনিয়োগ প্রকল্পসমূহ (বিশেষতঃ পানি, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ, শিল্প এবং যোগাযোগ ও পরিবহন খাতসমূহের বিনিয়োগ প্রকল্প) গ্রহণ/অনুমোদনের পূর্বে আবশ্যিকভাবে Initial Environmental Examination (IEE) ও Environmental Impact Assessment (EIA) এবং EIA সমীক্ষার পরামর্শ অনুযায়ী প্রকল্পের ডিজাইন পরিমার্জন করতে হবে। পরিবেশগত বিরূপ প্রভাব পরিহার/হ্রাসের লক্ষ্যে বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য EIA সমীক্ষা হতে প্রাপ্ত Environmental Management Plan প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে Disaster Impact Assessment (DIA) সম্পাদন করতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২১.৪ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী প্রতিটি সংস্থা পর্যায়ে নিজস্ব কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাদের সমন্বয়ে একটি কারিগরি কমিটি থাকবে। উক্ত কমিটিতে যথাপ্রয়োজন সংস্থার বাইরে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ/দক্ষ কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে। উক্ত কারিগরি কমিটি সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন বুঝে নেবে এবং সম্ভাব্যতা সমীক্ষা পরবর্তী প্রকল্প বাস্তবায়ন কৌশল নির্ধারণ বিষয়ে দিক-নির্দেশনাসহ সুপারিশ করবে।
- ২১.৫ পরিকল্পনা কমিশনের সদস্য (কার্যক্রম বিভাগ)-এর আহ্বায়কত্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি (সংযোজনী-ম) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাই ও অগ্রাধিকার নির্ধারণপূর্বক বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ করবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা হবে। তবে বিশেষ প্রয়োজনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত কোন নতুন অননুমোদিত প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হলে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভা আহ্বান করে উক্ত কমিটির সুপারিশসহ পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- ২১.৬ প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্পের অনুমোদিত স্থাপত্য নকশা, প্রয়োজনীয় অন্যান্য ডিজাইন এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিস্তারিতভাবে পর্যালোচনাপূর্বক প্রকল্পের ব্যয় প্রাক্কলন চূড়ান্ত করে প্রকল্প প্রস্তাব (ডিপিপি/টিএপিপি/টিপিপি কিংবা আরডিপিপি/আরটিএপিপি/আরটিপিপি) প্রণয়ন করতে হবে। অসম্পূর্ণতা, অস্পষ্টতা, অসামঞ্জস্য, দ্বৈততা ইত্যাদি পরিহার করে পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাব প্রণয়নের পরই অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করতে হবে।

- ২১.৭ প্রকল্প প্রস্তাবের (ডিপিপি/টিএপিপি/টিপিপি, আরডিপিপি/আরটিএপিপি/আরটিপিপি কিংবা এফএসপি) নির্ধারিত স্থানে প্রকল্প প্রস্তাব প্রণয়নকারী কর্মকর্তা, সংস্থা প্রধান ও উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষর থাকতে হবে। এছাড়া, প্রকল্প প্রস্তাবের প্রতি পৃষ্ঠায় বাস্তবায়নকারী সংস্থা, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার স্বাক্ষর ও সীল প্রদান নিশ্চিত করতে হবে। প্রকল্প প্রস্তাব পুনর্গঠন/পরিমার্জনের পর পুনরায় সংশ্লিষ্ট সকলকে নতুনভাবে স্বাক্ষর ও সীল প্রদান করতে হবে।
- ২১.৮ কোন প্রকল্পে ২০(বিশ) একরের বেশি জমি অধিগ্রহণ বা ব্যবহারের সংশ্লেষ থাকলে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নির্বিশেষে তা বিবেচনা ও অনুমোদনের জন্য একনেক সভায় উপস্থাপন করতে হবে। তবে জমি অধিগ্রহণ না করে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে জমি ব্যবহারের জন্য সাময়িকভাবে হস্তান্তর/লিজ নেয়া হলে বিষয়টি 'স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭' এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২১.৯ বিনিয়োগ/কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় পরামর্শক নিয়োগের জন্য অনুমোদিত Terms of Reference (TOR) একান্ত প্রয়োজন ছাড়া পরিবর্তন করা যাবে না। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুমোদিত TOR পরিবর্তনের একান্ত প্রয়োজন হলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী এর অনুমোদনক্রমে তা করা যাবে। উল্লেখ্য, জিওবি অর্থায়নের প্রকল্পে একান্ত প্রয়োজন হলে পরামর্শকের সংস্থান যথাসম্ভব কম রাখতে হবে। পরামর্শকের যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় বেতন/সম্মানী প্রদানের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করতে হবে।
- ২১.১০ বিশেষ প্রয়োজনে অনুমোদিত প্রকল্পের স্থানীয় মুদ্রা ও বৈদেশিক মুদ্রার পরিমাণের মধ্যে সমন্বয় অপরিহার্য হলে পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে তা সমন্বয় করা যাবে। এ ধরনের সমন্বয়ের সম্মতি প্রদান সংক্রান্ত বিষয় পরিকল্পনা কমিশনের সদস্য পর্যায়ে নিষ্পন্ন হবে। উল্লেখ্য, বৈদেশিক মুদ্রা বলতে নগদ বৈদেশিক অর্থ (Cash Foreign Exchange) বুঝাবে।
- ২১.১১ প্রকল্প অনুমোদন ব্যতীত অন্য কোন বিষয়ে একনেক সভায় সার-সংক্ষেপ/প্রতিবেদন উপস্থাপন করা হলে সার-সংক্ষেপ/প্রতিবেদন উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষরে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/বিভাগের মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করতে হবে। কমিটি কর্তৃক কোন প্রতিবেদন প্রণীত হলে প্রতিবেদনের সাথে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের স্বাক্ষরে একটি সার-সংক্ষেপ সংযোজন করতে হবে এবং সার-সংক্ষেপটি উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হতে হবে।

- ২১.১২ বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার স্বার্থে নতুন কোন অঙ্গ অন্তর্ভুক্তি অথবা অনুমোদিত অঙ্গের ব্যয়/পরিমাণের কোন পরিবর্তন একান্ত অপরিহার্য হলে এবং প্রকল্প সংশোধন কিংবা আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় সময়সাপেক্ষ হলে পরিকল্পনা কমিশনের অনুমতি গ্রহণপূর্বক তা করা যাবে। এ অনুমতি পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য কর্তৃক অনুমোদিত হবে। পরবর্তীতে যথাসম্ভব দ্রুততার সাথে প্রকল্প সংশোধন কিংবা আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় (যথা প্রযোজ্য) করে বিষয়টি প্রতিফলন করতে হবে। এক্ষেত্রে ব্যয় বৃদ্ধির পরিমাণ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৫% এর মধ্যে সীমিত থাকতে হবে। তবে, কোন প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয়ের সাথে প্রস্তাবিত অতিরিক্ত অর্থ যুক্ত হয়ে প্রকল্পের অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় (জিওবি ও প্রকল্প সাহায্য পৃথকভাবে বিবেচনা করতে হবে) অতিক্রম করলে তা বিবেচনা করা যাবে না; এক্ষেত্রে প্রকল্প সংশোধন করে বিষয়টি সুরাহা করতে হবে।
- ২১.১৩ প্রকল্পে জাপানি ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ) এবং ডিআরজিএ-সিএফ এর অর্থায়ন জিওবি অর্থায়নের অনুরূপ বলে বিবেচিত হবে। তবে, জেডিসিএফ এর অর্থায়নে বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে ইংরেজিতে ডিপিপি (সংযোজনী-ঘ) এবং কারিগরি সহায়তা প্রকল্পের ক্ষেত্রে টিএপিপি ছকে (সংযোজনী-ছ) প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। প্রকল্প প্রস্তাব (ডিপিপি/টিএপিপি) প্রণয়নের পর অনুমোদনের জন্য বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে অনুচ্ছেদ ৩ এবং কারিগরি সহায়তা প্রকল্পের ক্ষেত্রে অনুচ্ছেদ ৮-এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে।
- ২১.১৪ পিইসি/ডিপিইসি/এসপিইসি/ডিএসপিইসি সভায় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কারিগরি জ্ঞানসম্পন্ন বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানানো যেতে পারে।
- ২১.১৫ পিইসি/ডিপিইসি/এসপিইসি/ডিএসপিইসি সভায় কমপক্ষে যুগ্মপ্রধান/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২১.১৬ পিইসি/ডিপিইসি/এসপিইসি/ডিএসপিইসি সভার বিবেচনার জন্য নির্ধারিত ফরমেটে (সংযোজনী-স) প্রকল্পের বিশ্লেষণ সংবলিত কার্যপত্র উপস্থাপন করতে হবে।
- ২১.১৭ মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব আবশ্যিকভাবে প্রতি মাসে এডিপি পর্যালোচনা সভা করবেন এবং উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি সম্পর্কে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীকে অবহিত রাখবেন। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী যান্মাসিক ভিত্তিতে অথবা প্রয়োজন মোতাবেক এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।
- ২১.১৮ প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কাজের অগ্রগতি পর্যালোচনা করে উদ্ভূত সমস্যা (প্রযোজ্য ক্ষেত্রে) সমাধানের বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে। পিএসসি ও পিআইসি'র কার্যপরিধিসহ কমিটির রূপরেখা সংযোজনী 'ব' ও 'ভ' তে দেয়া হল। সেক্টর কর্মসূচির জন্যও একইভাবে স্টিয়ারিং কমিটি ও বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে।

- ২১.১৯ উপজেলা, জেলা এবং নগর উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি বিশেষ গুরুত্ব সহকারে অন্তর্ভুক্ত করতে হবে। বর্জ্য ব্যবস্থাপনার জন্য কী-কী কার্যক্রম গ্রহণ করা হবে, অর্থ বরাদ্দসহ ডিপিপি'তে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। নগরীর বর্জ্য/সুয়্যারেজ কোন নদী/খালে নিঃসরণ করা যাবে না।
- ২১.২০ প্রতিটি শিল্প এলাকায় Central Effluent Treatment Plant (CETP) এর ব্যবস্থা থাকতে হবে এবং তা নির্ধারিত হারে অর্থ প্রদানের মাধ্যমে বাধ্যতামূলক ব্যবহারের নিশ্চয়তা বিধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২১.২১ সকল স্থাপনাতে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিবন্ধীদের জন্য Ramp এবং প্রতিবন্ধী বান্ধব টয়লেটের সংস্থান রাখতে হবে।
- ২১.২২ পাবলিক বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য প্রথমেই একটি 'মাস্টার প্ল্যান' তৈরি করে সে অনুযায়ী প্রকল্প গ্রহণ করে উন্নয়ন কাজ সম্পন্ন করতে হবে। বিশ্ববিদ্যালয় বা কলেজগুলোতে হোস্টেল নির্মাণের সময় ছাত্র/ছাত্রীদের জন্য সম-আসনের হোস্টেল নির্মাণ করতে হবে।
- ২১.২৩ ঢাকাসহ অন্যান্য বড় শহরে জনসংখ্যা ও জমির স্বল্পতার বিষয়টি বিবেচনায় নিয়ে কোন সরকারি প্রতিষ্ঠান, আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানের জমিতে নিজস্ব বহুতল ভবন নির্মাণ পরিকল্পনায় অন্যান্য সরকারি প্রতিষ্ঠান, আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানের জন্য অফিস সংকুলানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের সুযোগ-সুবিধাসহ ব্যবস্থা রাখতে হবে।
- ২১.২৪ উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে সরকারি অফিসসমূহ এক জায়গায় আনয়নের লক্ষ্যে আন্ডারগ্রাউন্ডসহ প্রয়োজনে নীচতলা/দোতলা/তৃতীয় তলায় পার্কিং, ওয়েটিং স্পেস, কনফারেন্স সেন্টার, একাধিক সভাকক্ষ, ক্যাফেটেরিয়া, প্রার্থনাকক্ষ, ডে-কেয়ার সেন্টার ইত্যাদির সংস্থান রাখতে হবে। এছাড়া, প্রতি ফ্লোরে মহিলা ও পুরুষদের জন্য পৃথক সুপারিসর ওয়াশরুম/টয়লেট, মাদার্স কর্নার ইত্যাদি সুবিধাসহ বহুতল ভবনের একটি মডেল নকশা প্রণয়ন করতে হবে যার বাহ্যিক ভিউ (Exterior Design) একই রকম হবে।
- ২১.২৫ বহুতল ভবনের নকশায় অডিটরিয়াম/বড় হলরুম থাকলে তা গ্রাউন্ড ফ্লোর/ফার্স্ট ফ্লোর বা পার্শ্ববর্তী খালি জায়গায় করতে হবে; কোনভাবেই ভবনের উপরের অংশে করা যাবে না।

- ২১.২৬ উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্ত কোন ক্রয় কার্যক্রমে কোন প্যাকেজ/লটের দরপত্রে উদ্ধৃত মূল্য উক্ত প্রকল্পে সংশ্লিষ্ট প্যাকেজ/লটের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় অতিক্রম করলে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার পূর্বে আবশ্যিকভাবে প্রকল্পের সংশোধন কিংবা আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ২১.২৭ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ৫০.০০(পঞ্চাশ) কোটি টাকা বা তদুর্ধ্ব প্রাক্কলিত ব্যয়ের প্রকল্পের জন্য পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি অবশ্যই পরিপালন করতে হবে। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে ০৯.০২.২০১৬ তারিখে পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত পত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে (সংযোজনী-উ)। অভিন্ন কর্মকর্তা দ্বারা প্রকল্প প্রস্তাব প্রণয়ন সম্পন্ন করতে হবে এবং যথাসম্ভব একই কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োগের বিষয় বিবেচনায় নিতে হবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প অনুমোদন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারির এক মাসের মধ্যে প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হবে।
- ২১.২৮ একজন কর্মকর্তাকে কেবল একটি প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দিতে হবে। একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া যাবে না। জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প সমাপ্তির পূর্বে প্রকল্প পরিচালক বদলি করা যাবে না। প্রকল্প পরিচালক কিংবা প্রকল্পে নিয়োজিত গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের বদলী/পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।
- ২১.২৯ উন্নয়ন প্রকল্প/কর্মসূচির আওতায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ছক ব্যবহার করা যেতে পারে।
- ২১.৩০ দাপ্তরিক/বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নকশা প্রণয়নকালে প্রাকৃতিকভাবে সৃষ্ট জলাধার/পুকুর/লেক সংরক্ষণের বিষয়টি বিবেচনা করতে হবে এবং প্রয়োজনে জলাধার/পুকুর/লেকের সংস্থান রাখতে হবে। এছাড়া প্রতিটি ভবনের ছাদের বৃষ্টির পানি আলাদা ডেন করে জলাধারে/পুকুর/লেকে সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে। বৃষ্টির পানি নিষ্কাশন ডেনের সাথে স্যুয়ারেজ লাইনের যেন কোন সংযোগ না থাকে সে বিষয়টি গুরুত্বের সাথে লক্ষ্য রাখতে হবে। এছাড়া, ভবনসমূহে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখতে হবে।
- ২১.৩১ অনলাইনে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত পরিপত্র (সংযোজনী-উ) অনুসরণ করতে হবে।

২১.৩২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন প্রকল্প বাস্তবায়ন শেষে বিদ্যমান নিয়ম অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরকারি পরিবহন পুলে জমা দিতে হবে। এছাড়া, প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র প্রকল্প বাস্তবায়ন শেষে হালনাগাদ বিবরণসহ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাধারণ সেবা সংশ্লিষ্ট শাখায় হস্তান্তর করতে হবে এবং মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার রেজিস্টারে তা অন্তর্ভুক্ত করতে হবে।

২১.৩৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন শেষে নির্ধারিত সময়ের মধ্যে আইএমইডি'র নির্দিষ্ট ছকে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করতে হবে। প্রকল্পের আওতায় যানবাহন ক্রয় করা হয়ে থাকলে প্রকল্প সমাপ্তির পর তা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরকারি পরিবহন পুলে জমা দেওয়া হয়েছে কিনা এবং যন্ত্রপাতি ও আসবাবপত্র মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাধারণ সেবা সংশ্লিষ্ট শাখায় হস্তান্তর করা হয়েছে কিনা প্রকল্প/কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নকালে আইএমইডি তা নিশ্চিত করবে।



প্রদীপ রঞ্জন চক্রবর্তী

সচিব

পরিকল্পনা বিভাগ

সংযোজনী ক



----- মন্ত্রণালয়/বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সম্ভাব্যতা সমীক্ষা -- (প্রকল্পের/প্রকল্পসমূহের নাম)

_____ (মাস) ২০____

সারসংক্ষেপ

সম্ভাব্যতা সমীক্ষার মৌলিক পর্যবেক্ষণ এবং সুপারিশমালার আলোকে সার-সংক্ষেপ উপস্থাপন করতে হবে।

প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন

অনুচ্ছেদ ১: মৌলিক তথ্য

১.	প্রকল্পের নাম (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	
২.	(ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (খ) বাস্তবায়নকারী সংস্থা	:	
৩.	প্রকল্পের উদ্দেশ্যসমূহ (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	
৪.	প্রকল্পের আনুমানিক ব্যয় (কোটি টাকায়)	:	
৫.	সেক্টর এবং সাব-সেক্টর	:	
৬.	প্রকল্পের ধরন (পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ ভিত্তিতে)	:	
৭.	প্রকল্পের ভৌগলিক অবস্থান (ক) দেশব্যাপী (খ) বিভাগ (গ) জেলা (ঘ) উপজেলা (ঙ) অন্যান্য (সিটি কর্পোরেশন/পৌরসভা)	:	
৮.	প্রকল্পের মেয়াদ (সমীক্ষার ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প)	:	(ক) আরম্ভ: (খ) সমাপ্ত:

অনুচ্ছেদ ২: ভূমিকা

নিম্নলিখিত বিষয়সমূহ বর্ণনা করতে হবে:

- (ক) প্রকল্পের পটভূমি: যৌক্তিকতা এবং সূচনা (সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ করতে হবে);
- (খ) সম্ভাব্যতা সমীক্ষার উদ্দেশ্য;
- (গ) সম্ভাব্যতা সমীক্ষার পদ্ধতি এবং প্রণালী; এবং
- (ঘ) সম্ভাব্যতা সমীক্ষার সংগঠন/কাঠামো।

অনুচ্ছেদ ৩: বাজার/চাহিদা বিশ্লেষণ

প্রকল্প বাস্তবায়নে সরকারি খাতে বিনিয়োগের যৌক্তিকতা/প্রয়োজনীয়তাসহ নিম্নবর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্টতা সম্পর্কে উপস্থাপন করতে হবে:

- (ক) **সমস্যা চিহ্নিতকরণ:** সমস্যা ও সমস্যার কারণ (প্রত্যক্ষ ও পরোক্ষ) চিহ্নিত করতে হবে এবং তা সমাধানের জন্য একটি সুস্পষ্ট রূপরেখা বর্ণনা করতে হবে। এক্ষেত্রে সরকারি খাতে বিনিয়োগ করা না হলে অর্থাৎ প্রকল্প গ্রহণ করা না হলে সম্ভাব্য ফলাফল (Consequences) সম্পর্কে সংক্ষিপ্তভাবে বর্ণনা করতে হবে।

- (খ) **প্রকল্প খারণার প্রাসঙ্গিকতা:** বৈশ্বিক ও জাতীয় উন্নয়ন পরিকল্পনা/নীতি এবং সংশ্লিষ্ট সেক্টরের কৌশলগত উদ্দেশ্য/লক্ষ্যের সাথে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যের (Goals, Outcomes & Outputs) সম্পৃক্ততা (Linkage) উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত প্রকল্পের প্রয়োজনীয়তা/যৌক্তিকতা তুলে ধরতে হবে।
- (গ) **প্রস্তাবিত প্রকল্পের আওতায় গৃহীতব্য কার্যাবলী:** সমস্যা সমাধানের জন্য প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে যে সকল কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন (এই প্রকল্পের ইনপুটস এবং আউটপুটস) তা বর্ণনা করতে হবে। উল্লিখিত সমস্যা সমাধানের জন্য প্রকল্প বাস্তবায়নকারি সংস্থা কিংবা অন্যান্য সংস্থা কর্তৃক ইতঃপূর্বে গৃহীত কার্যক্রম সম্পর্কে বর্ণনা করতে হবে (যদি থাকে)।
- (ঘ) **অংশীজন (স্টেকহোল্ডার):** প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে পরিচালনার সাথে সম্পৃক্ত হতে পারে এ ধরনের অংশীজন চিহ্নিত করতে হবে।
- (ঙ) **চাহিদা বিশ্লেষণ:** নিম্নবর্ণিত বিষয়াদি বিস্তারিত পর্যালোচনাপূর্বক সরকারি খাতে বিনিয়োগের প্রয়োজনীয়তা সম্পর্কে উল্লেখ করতে হবে:
- বর্তমান চাহিদা (বিভিন্ন ধরনের ব্যবহারকারীর জন্য পরিষেবা সরবরাহকারী/নিয়ন্ত্রক সংস্থা/মন্ত্রণালয়/জাতীয় ও আঞ্চলিক পরিসংখ্যান অফিস হতে সরবরাহকৃত পরিসংখ্যানের ভিত্তিতে);
 - প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হলে এবং গ্রহণ করা না হলে উভয় পরিস্থিতিতে (নির্ভরযোগ্য মডেলের উপর ভিত্তি করে) ভবিষ্যৎ চাহিদা নিরূপণ; এবং
 - বিদ্যমান বিধি-বিধান, প্রযুক্তিগত উন্নয়ন ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নে সীমাবদ্ধতা এবং উত্তরণের উপায়।
- (চ) **SWOT বিশ্লেষণ:** প্রকল্প বাস্তবায়নে সকল ইতিবাচক দিক (Strengths), সীমাবদ্ধতা/দুর্বলতা (Weakness), সুযোগ (Opportunities) ও হুমকি (Threats) চিহ্নিত করে তা বিশ্লেষণ করতে হবে।

অনুচ্ছেদ ৪: কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিষয়াদি বিশ্লেষণ

নিম্নবর্ণিত বিষয়গুলোর সাথে প্রস্তাবিত প্রকল্পের সংশ্লিষ্টতা বিশ্লেষণ করে সংক্ষিপ্তভাবে উপস্থাপন করতে হবে:

- (ক) **অবস্থান:** প্রকল্প এলাকা নির্বাচনের যৌক্তিকতাসহ ভৌগলিক চিত্রে (মানচিত্রে চিহ্নিত করে এবং সম্ভাব্য ক্ষেত্রে ভূ-স্থানাঙ্ক চিহ্নিত করে) প্রকল্প এলাকার বর্ণনা। প্রকল্পের জন্য জমি প্রাপ্তি একটি গুরুত্বপূর্ণ বিষয়; প্রস্তাবিত প্রকল্পের জন্য চিহ্নিত জমির মালিকানা কিংবা প্রকল্পের জন্য ব্যবহার সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে। চিহ্নিত জমি বাস্তবায়নকারী কর্তৃপক্ষের মালিকানাধীন কিনা কিংবা ব্যক্তি/অন্য কোন সংস্থার মালিকানাধীন জমি অধিগ্রহণ/অধিযাচন (Acquisition/Requisition) প্রয়োজন হবে কিনা এবং কোন ইউলিটি স্থানান্তরের প্রয়োজন হবে কিনা এ সংক্রান্ত বিষয়াদি বিস্তারিতভাবে বিশ্লেষণপূর্বক উপযুক্ত প্রমাণকসহ উপস্থাপন করতে হবে। এছাড়া, মানচিত্রে প্রকল্পের সাইটসহ প্রস্তাবিত স্থানে দুর্যোগ ঝুঁকির সমস্যা (বিদ্যমান ও ভবিষ্যত) চিহ্নিত করতে হবে।
- (খ) **কারিগরি নকশা:** প্রকল্পের মূল কর্মকাণ্ড/কার্যক্রমের বর্ণনা, প্রযুক্তি, কারিগরি নকশা এবং বিস্তারিত স্পেসিফিকেশন সম্পর্কিত বিশদ বিবরণ থাকতে হবে। মূল আউটপুটের সূচক, কাজের ভৌত পরিমাণের একক (মিটার, বর্গমিটার, কিলোমিটার, সংখ্যা, জনমাস ইত্যাদি) ও অন্যান্য বিষয় উল্লেখ করতে হবে। দুর্যোগপ্রবণ অঞ্চলের জন্য গৃহীত প্রকল্পের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন, পরিবেশ কিংবা অন্য কোন বিরূপ প্রভাব আছে কিনা তা চিহ্নিত করতে হবে এবং তা মোকাবিলার বিষয় বিবেচনা করে কারিগরি নকশায় সংযুক্ত/প্রতিফলন করতে হবে।
- (গ) **আউটপুট পরিকল্পনা:** আউটপুট এবং প্রত্যাশিত ব্যবহার সংক্রান্ত বিবরণ থাকতে হবে। এক্ষেত্রে প্রকল্পের আউটপুট হিসেবে প্রক্ষেপিত সেবা/পরিষেবার বর্ণনা থাকতে হবে।

(ঘ) **ব্যয় প্রাক্কলন:** প্রকল্পের জন্য নকশা প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন এবং প্রকল্প বাস্তবায়ন-উত্তর পরিচালনা ইত্যাদি পর্যায়ে আর্থিক সংশ্লিষ্টতা বিবেচনায় নিয়ে প্রমাণকের (ব্যয় প্রাক্কলনের ভিত্তি) আলোকে স্তরভিত্তিক (বাস্তবায়নপূর্ব, বাস্তবায়নকালীন ও বাস্তবায়ন-উত্তর) ব্যয় প্রাক্কলন করতে হবে।

(ঙ) **প্রকল্প বাস্তবায়নের সময় নির্ধারণ:** ভৌত কাজের পরিমাণ, প্রকল্প বাস্তবায়নে সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা, বরাদ্দ প্রবাহ (এমটিবিএফ সিলিং/প্রক্ষেপণ ও অন্যান্য), প্রকল্পের অগ্রাধিকার ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করে প্রকল্প বাস্তবায়নের জন্য বাস্তবসম্মতভাবে একটি সময়সীমা নিরূপণ করতে হবে। প্রস্তাবিত ভৌত কাজের সম্ভাব্য কর্মপরিকল্পনা (যেমন: গ্যান্ট চার্ট) সংযুক্ত করা যেতে পারে।

অনুচ্ছেদ ৫: পরিবেশগত স্থায়িত্ব, জলবায়ু সহনশীলতা এবং দুর্যোগ ঝুঁকি বিশ্লেষণ

৫.১ পরিবেশগত, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ঝুঁকি বিশ্লেষণ

পরিবেশ, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাবে সম্ভাব্য ক্ষতি এবং সম্ভাব্য ক্ষতিপূরণে অর্থনৈতিক প্রভাব সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে নিম্ন বর্ণিত মূল বিষয়গুলো বিবেচনায় নেয়া প্রয়োজন:

(ক) পরিবেশ, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের কোন প্রভাব বা ঝুঁকি আছে কি না এবং থাকলে তা কী (বিদ্যমান বিপর্যয় ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত ঝুঁকি বাড়ার ক্ষেত্রে প্রকল্পের কোন প্রভাব এবং/অথবা নতুন কোন ঝুঁকির উদ্ভব হবে কি না)?

(খ) এই ঝুঁকি হ্রাস করার জন্য কোন ব্যবস্থা নেওয়া হয় কি না?

(গ) নেতিবাচক প্রভাব হ্রাস/প্রশমিত করতে কী পরিমাণ অর্থ ব্যয়ের প্রয়োজন হতে পারে?

(ঘ) সরাসরি এ ধরনের ব্যয় না করে প্রয়োজনীয় পরিষেবা বা পণ্য সরবরাহ অব্যাহত রাখার জন্য কোন বিকল্প উপায় আছে কি না এবং থাকলে বিকল্প উপায়ের জন্য কত ব্যয় প্রয়োজন হতে পারে?

(ঙ) প্রকল্পের জন্য কী ধরনের মূল্যায়ন প্রয়োজন (যেমন: ইআইএ/ডিআইএ)?

(চ) প্রকল্প বাস্তবায়নে পুনর্বাসন সংক্রান্ত কোন বিষয় জড়িত আছে কি না? থাকলে পুনর্বাসন পরিকল্পনা (মোডালিটি) সম্পর্কে বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে।

৫.২ প্রকল্পের দুর্যোগ সহনশীলতা মূল্যায়ন

প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত হতে পারে এরূপ অনির্ধারিত কতিপয় বিষয়:

(ক) জরুরী দুর্যোগ ব্যবস্থাপনার জন্য আকস্মিক পরিকল্পনা: জরুরি প্রয়োজনে উদ্ধার পরিকল্পনা, ইউটিলিটি পরিষেবা বন্ধ করার প্রাতিষ্ঠানিক ব্যবস্থা এবং বিপর্যয়কালে (আগুন, ভূমিকম্প, বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) গুরুত্বপূর্ণ জরুরি ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বর্ণনা থাকতে হবে।

(খ) ধারাবাহিক কর্মপরিকল্পনা: পুনরুদ্ধার পরিকল্পনা এবং জরুরি ব্যবস্থাপনা পরিকল্পনা সম্পর্কিত বিস্তারিত রূপরেখা থাকতে হবে। জরুরি অবস্থায় বিভিন্ন ইউটিলিটি পরিষেবা কিভাবে সরবরাহ করা হবে তা সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের ব্যবস্থা থাকতে হবে।

(গ) পুনরুদ্ধারের সময়: দুর্যোগের পর পুনরুদ্ধার এবং পুনর্বাসনের জন্য কত সময়ের প্রয়োজন হতে পারে তা উল্লেখ করতে হবে।

(ঙ) অবশিষ্ট ঝুঁকি: ক্ষয়-ক্ষতি সম্পর্কে বিস্তারিত তথ্য সরবরাহ এবং আরো কোন ঝুঁকি আছে কিনা সে প্রতিবেদনসহ ঝুঁকি হ্রাসের পর্যাণ্ড ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ ৬: আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ

৬.১ আর্থিক বিশ্লেষণ

নিম্নবর্ণিত বিকল্প বিশ্লেষণসহ ব্যয় ও উপকারের (Costs & Benefits) উপাদানগুলো বাজার মূল্যে বিবেচনা করতে হবে:

- (ক) আয় ও ব্যয়ের (Costs & Benefits) উপাদান চিহ্নিতকরণ;
- (খ) আয় ও ব্যয়ের (Costs & Benefits) উপাদান আর্থিক মূল্যে রূপান্তর;
- (গ) নগদ প্রবাহ (Cash Flow) নিরূপণ;
- (ঘ) প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণে বিবেচ্য গুরুত্বপূর্ণ অনুমিতি চিহ্নিতকরণ; এবং
- (ঙ) প্রকল্পের নিম্নলিখিত সূচকসমূহ নিরূপণ এবং ফলাফল ব্যাখ্যা:
 - (i) ফিন্যান্সিয়াল নিট প্রেজেন্ট ভ্যালু (FNPV)
 - (ii) ফিন্যান্সিয়াল বেনিফিট কস্ট রেশিও (FBCR)
 - (iii) ফিন্যান্সিয়াল ইন্টারনাল রেট অব রিটার্ন (FIRR)

৬.২ অর্থনৈতিক বিশ্লেষণ

স্ট্যান্ডার্ড কনভারশন ফ্যাক্টর (SCF) ব্যবহার করে আর্থিক উপাত্তগুলোকে অর্থনৈতিকভাবে সমন্বয়পূর্বক সামষ্টিক অর্থনীতির দৃষ্টিকোণ থেকে প্রকল্পের আয়-ব্যয় মূল্যায়ন।

- (ক) প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ আয়-ব্যয়ের উপাদান চিহ্নিতকরণ;
- (খ) প্রয়োজনে সামঞ্জস্যকরণ;
- (গ) সরকার কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড কনভারশন ফ্যাক্টর (এসসিএফ) ব্যবহার করে কিংবা অন্য কোন প্রমিত পদ্ধতি অনুসরণপূর্বক আয়-ব্যয়ের (Costs & Benefits) উপাদানগুলোকে অর্থনৈতিক মূল্যে রূপান্তর;
- (ঘ) নগদ প্রবাহ (Cash Flow) নিরূপণ;
- (ঙ) গুরুত্বপূর্ণ অনুমিতিসমূহ চিহ্নিতকরণ;
- (চ) প্রকল্পের নিম্নলিখিত সূচকসমূহ নিরূপণ এবং ফলাফল ব্যাখ্যা:
 - (i) ইকনমিক নিট প্রেজেন্ট ভ্যালু (ENPV)
 - (ii) ইকনমিক বেনিফিট কস্ট রেশিও (EBCR)
 - (iii) ইকনমিক ইন্টারনাল রেট অব রিটার্ন (EIRR)

অনুচ্ছেদ ৭: মানব সম্পদ ও প্রশাসনিক সক্ষমতা বিশ্লেষণ (প্রকল্প বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন-উত্তরকালে)

প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) পর্যালোচনা করতে হবে। বিশেষ করে প্রকল্পের আউটপুট হিসেবে নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবল রয়েছে কিনা এবং এর জন্য সংস্থার পরিচালনা বাজেটে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের সংস্থান আছে কিনা এ সম্পর্কে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিতে হবে:

- (ক) প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো ও স্থাপনা পরিচালনার জন্য কোন ধরনের অভিজ্ঞ ও দক্ষ জনবল প্রয়োজন?

- (খ) প্রকল্প বাস্তবায়নকালে প্রয়োজনীয় জনবলের যোগান দেওয়ার সক্ষমতা প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;
- (গ) প্রকল্প বাস্তবায়ন-উত্তর পর্যায়ে (Operational Phase) কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা (কারিগরি ও আর্থিক) আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;
- (ঘ) প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো, স্থাপনা ইত্যাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় অভিজ্ঞ ও দক্ষ জনবল রয়েছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;
- (ঙ) প্রকল্পের আওতায় নির্মিত/স্থাপিত অবকাঠামো, স্থাপনা ইত্যাদি পরিচালনার জন্য সংস্থার পরিচালন বাজেটে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের সংস্থান আছে কি না? না থাকলে সুনির্দিষ্ট পরামর্শ/সুপারিশ প্রদান;
- (চ) প্রকল্প বাস্তবায়নের জন্য সম্ভাব্য মেয়াদ (সময়) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতার সাথে সামঞ্জস্যপূর্ণ কি না? এক্ষেত্রে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক বর্তমানে বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্প এবং ইতঃপূর্বে বাস্তবায়িত প্রকল্পের অভিজ্ঞতা পর্যালোচনা করে তুলনামূলক বিবরণী প্রদান।

অনুচ্ছেদ ৮: প্রাতিষ্ঠানিক ও আইনগত বিষয় বিশ্লেষণ

প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে এবং বাস্তবায়ন-উত্তর পর্যায়ে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইনগত কোন প্রতিবন্ধকতা আছে কি না? থাকলে তা চিহ্নিত করতে হবে, যেমন:

- (ক) রুলস অব বিজনেস অনুযায়ী প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের কর্মপরিধির মধ্যে পড়ে কিনা তার বিস্তারিত বিবরণ;
- (খ) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের বিদ্যমান সক্ষমতা এবং অবকাঠামোগত সুবিধা সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে কি না?
- (গ) বিদ্যমান নীতিমালা এবং/অথবা প্রাতিষ্ঠানিক কাঠামোর কোন সমন্বয়ের (সংস্কার) প্রয়োজন হবে কি না?
- (ঘ) প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের পূর্বে কী ধরনের সমন্বয়ের প্রয়োজন হবে?
- (ঙ) সংশ্লিষ্ট সংস্থার দক্ষতা ও সক্ষমতা প্রকল্প বাস্তবায়নের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না?
- (চ) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের বাজেটের মধ্যে সীমিত থেকে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করা হলে কোন প্রণোদনা কিংবা কিংবা ব্যর্থ হলে কোন ব্যবস্থা গ্রহণের সুযোগ থাকছে কি না?
- (ছ) পদ্ধতিগত প্রশাসনিক কোন বিষয় আছে কি না, যা প্রকল্প বাস্তবায়নকে প্রভাবিত করতে পারে? থাকলে তা চিহ্নিত করে গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে উল্লেখ করতে হবে;
- (জ) কোন ক্রস কাটিং চ্যালেঞ্জ আছে কি না? থাকলে তা চিহ্নিত করে উত্তরণের উপায় সম্পর্কে উল্লেখ করতে হবে;
- (ঝ) অন্যান্য (যদি থাকে)।

অনুচ্ছেদ ৯: ঝুঁকি ও সংবেদনশীলতা বিশ্লেষণ

প্রকল্পের সময়কালে আয়-ব্যয় (Costs & Benefits) প্রবাহের অনিশ্চয়তা থাকলে তা বিবেচনা করতে হবে। বিভিন্ন অবস্থার (Scenario) ভিত্তিতে সিমুলেট করা এবং সংশ্লিষ্ট চুক্তির আলোকে কিভাবে ঝুঁকি হ্রাস করা যায় সে সম্পর্কে দিক-নির্দেশনা তৈরি করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয় বিবেচনায় নিতে হবে:

- (ক) প্রকল্প বাস্তবায়নকে প্রভাবিত করতে পারে এমন প্রধান ঝুঁকিগুলো কী?
- (খ) ঝুঁকি দ্বারা প্রকল্প বাস্তবায়ন কিভাবে প্রভাবিত হতে পারে?
- (গ) ঝুঁকি উত্তরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হবে?

- (ঘ) উল্লেখযোগ্যভাবে পৃথক পরিবেশে আর্থিক ও অর্থনৈতিক মডেলগুলোতে ব্যবহৃত অনুমিতিসমূহ কতটা সংবেদনশীল?
- (ঙ) ঝুঁকি, আইনগত ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কোন বাধ্যবাধকতা আছে কি না? থাকলে তা দ্বারা প্রকল্প বাস্তবায়ন কতটা বাঁধাগ্রস্ত হতে পারে এবং প্রকল্পের সুবিধা কতটুকু হ্রাস পেতে পারে?

অনুচ্ছেদ ১০: বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ

সুনির্দিষ্ট প্রস্তাবনা/সুপারিশ এবং যৌক্তিকতাসহ বিকল্প প্রস্তাবনা বিশ্লেষণ করতে হবে। এক্ষেত্রে প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের জন্য প্রযোজ্য ক্ষেত্রে বিভিন্ন প্রযুক্তি ও কৌশল বিবেচনাপূর্বক এগুলোর সুবিধা-অসুবিধা বর্ণনাসহ যে প্রযুক্তি কিংবা কৌশল সুপারিশ করা হচ্ছে তার যৌক্তিকতাসহ বর্ণনা করতে হবে।

অনুচ্ছেদ ১১: সুপারিশ ও উপসংহার

প্রকল্প বাস্তবায়নকে বাঁধাগ্রস্ত করতে পারে এ ধরনের জটিল বিষয় চিহ্নিত করে তা সমাধানের জন্য সুনির্দিষ্ট প্রস্তাব করতে হবে যা সমীক্ষার বিভিন্ন দিক বিশ্লেষণ দ্বারা সমর্থিত।

অনুচ্ছেদ ১২: সংযুক্তি

কারিগরি, প্রযুক্তিগত ও প্রকৌশলগত বিস্তারিত ডিজাইন, স্থাপনার প্রোটোটাইপ ডিজাইন, আর্থিক ও অর্থনৈতিক মডেল এবং সংশ্লিষ্ট সহায়ক দলিলপত্র সংযুক্ত করতে হবে।

সংযোজনী খ



Ministry of -----
Government of the People's Republic of Bangladesh

Feasibility Study for -- (Name of the Project/Projects)

----- (Month) 20--

Executive Summary

Summarise the key findings of the Feasibility Study and recommendations.

Project Feasibility Study Report

Section 1: Basic Information

1.	Name of the Project	:	
2.	(a) Sponsoring Ministry/Division (b) Implementing Agency	:	
3.	Project Objectives (Project to be taken based on the study)	:	
4.	Estimated Project Cost (Taka in Crore)	:	
5.	Sector & Sub-Sector	:	
6.	Project Category (Based on Environment Conservation Rules 1997)	:	
7.	Project Geographic Location (a) Countrywide (b) Division (c) District (d) Upazila (e) Others (City Corporation/Pourashva)	:	
8.	Project Duration	:	

Section 2: Introduction

Describe the following:

- (a) Project Background: Rationale and genesis (Mention the sources of information through reviewing the relevant documents);
- (b) Objectives of the feasibility study;
- (c) Approach and methodology of the feasibility study; and
- (d) Organization of the feasibility study.

Section 3: Market/Demand Analysis

This section assesses the need for public investments and involves the elements listed below:

- (a) **Problem Statement:** Provide an explicit definition of the problem to be addressed, identify the likely causes (both direct and indirect) of the problem and give a brief insight of the likely consequences if no intervention in public sector is made.

- (b) **Relevance of the Project Idea:** Justify the need for the proposed project by linking the project(s) goals, outcomes and outputs to Global/National Development Plans/Policies and Sector Strategic objectives.
- (c) **Proposed Project Interventions:** Describe the interventions (project inputs & outputs) that need to be undertaken by the government through the proposed project to address the problem, describe the interventions undertaken earlier to solve this problem by this organization or other organizations (if any).
- (d) **Stakeholders:** Identify the key stakeholders that are likely to be associated with the project interventions.
- (e) **Demand Analysis:** Identify the need for public investments by assessing:
 - (i) Current demand (based on statistics provided by service providers/regulators/ ministries/national & regional statistical offices for the various types of users);
 - (ii) Future demand (based on reliable demand forecasting models) in both the scenarios with and without the project; and
 - (iii) Various constraints and means to meet the demand including government regulations, technological developments etc.
- (f) **SWOT Analysis:** Identify the Strengths, Weaknesses, Opportunities and Threats to the project.

Section 4: Technical/Technological & Engineering analysis

A summary of the proposed project shall be presented with the following headings:

- (a) **Location:** description of the location of the project including a geographical illustration (map and/or geo-coordinates) with justification. Availability of land is a key aspect; evidence should be provided that the land is owned (or can be accessed) by the organization, which has the full title to use it, or has to be purchased (or rented) through acquisition/requisition process. Besides, it should address if any kind of utility shifting is required. Identify the issues of disaster risks (existing and future) in the proposed location along with project site on hazard map.
- (b) **Technical design:** description of the main components, technology adopted, design, standards and specifications. Key output indicators should be defined as the key physical quantities produced (e.g. meters, sq. meters, kilometers, numbers, manmonths, etc.). If the project is in disaster prone areas and has the probability of climate change impact, disaster and climate change risks related information should be integrated in technical design in order to address the impact of hazards on the project.

- (c) **Output plan:** description of the output and the expected utilization rate. These elements describe the service provision from the supply side in the context of the forecasted demand.
- (d) **Costs estimates:** estimation of the financial needs for project design, implementation and operations, componentwise cost estimates should be provided based on evidence.
- (e) **Implementation timeline:** considering the volume of works, capacity of implementing agency, budget flow (MTBF ceiling), project priority etc. a realistic project timeline along with the implementation schedule should be provided (for example, a Gantt chart with the work plan).

Section 5: Environmental Sustainability, Climate Resilience and Disaster Risk Analysis

5.1 Environmental, Climate Change and Disaster Risk Analysis

Specify and describe the economic effects/impacts of environmental, disaster and climate change and possible compensations for ecological damages. Key issues to be addressed:

- (a) What are the likely environmental, disaster and climate change impacts or risks from the project (any impact of project to increase the existing disaster and climate change related risks and/or contribute to create new risks)?
- (b) What counter measures should be taken to reduce these impacts?
- (c) What is the cost for reducing/mitigating the negative impacts?
- (d) Are there alternative ways of delivering the required services or goods without incurring these environmental costs? What are the costs of these alternatives?
- (e) What types of assessments are required for the project (e.g. EIA/DIA)?
- (f) Is there any resettlements issue to be addressed? If yes, provide resettlement modality in details.

5.2 Assessment of Disaster Resilience of the Project

This section assesses the resilience and address about uncertainties. Key indicators need to be discussed:

- (a) **Contingency Plan for Emergency Disaster Management:** Describe the evacuation plan if required, institutional arrangement for shutting down of utility services, and general procedures to be followed by individuals during disasters (Fire, Earthquake, Flood, Cyclone etc.);
- (b) **Business Continuity Plan:** Outline the key response and recovery priorities. This plan will detail out how different utility services will be rendered to support the overall Emergency Management Plan;
- (c) **Time of Recovery:** Required time for rehabilitation after a disaster; and

- (d) Reporting of residual risks: Reporting of remaining risks after recognition and put in place adequate risk reduction measures.

Section 6: Cost-Benefit Analysis

6.1 Financial Analysis

Describe the components of costs and benefits at market prices including option analysis.

- (a) Identify the components of cost & benefit;
- (b) Transfer them in monetary value;
- (c) Construct cash flow;
- (d) Identify the Key Assumptions considered in exercises; then
- (e) Compute the following indicators and interpret the results:
 - (i) Financial Net Present Value (FNPV)
 - (ii) Financial Benefit Cost Ratio (FBCR)
 - (iii) Financial Internal Rate of Return (FIRR)

6.2 Economic Analysis

Economic adjustments from financial data using standard conversion factor; after that costs and benefits are appraised from the point of view of the entire economy.

- (a) Identify the direct, indirect and associated cost and benefit components;
- (b) Adjust them where necessary;
- (c) Convert the value of cost and benefit components into economic price by using Standard Conversion Factor (SCF) determined by the Government;
- (d) Construct the cash flow;
- (e) Mention the Assumption;
- (f) Compute the following indicators and interpret the results:
 - (i) Economic Net Present Value (ENPV)
 - (ii) Economic Benefit Cost Ratio (EBCR)
 - (iii) Economic Internal Rate of Return (EIRR)

Section 7: Human Resources and Administrative Support Analysis (During Implementation and Post Implementation of the project)

Point out the functional structure and institutional capacity of the Agency (in terms of both Technical & Financial) required for implementation and operational stages of the project(s), sources of the workforce & financing are needed to be identified. Key issues to be addressed:

- (a) What types of managerial and skilled workforces are needed during implementation and operational phases of the project?

- (b) Does the project entity have ability to provide the managerial and skilled workforces needed for implementation of the project? If not, provide suggestions specifically.
- (c) Does the implementing agency have institutional capacity (financial & technical) to retain the project output functional? If not, provide specific suggestions.
- (d) Is the project entity equipped with skilled & experienced workforces to operate the project output? If not, provide specific suggestions.
- (e) Does the entity have adequate fund under its recurring budget to incur the operational expenditure of the project output? If not, provide specific suggestions.
- (f) Is timing of project consistent with organizational capacity (in terms of quantity and other)? A comparative statement should be provided in light of experience of the entity in project implementation.

Section 8: Institutional and Legal Analysis

Illustrate the legal restrictions (if any) that may obstruct or impede the project during its implementation and functional stage of the project outputs, key issues are:

- (a) Does the project match with the legal boundary (allocation of business or mandate) of the project entity?
- (b) Are the capabilities and physical facilities of the agency being properly utilized?
- (c) Is there any need for adjustment (reforms) in the policy and/or institutional setup?
- (d) What adjustments may be required before the project is implemented?
- (e) Do the institutions have suitable skills and capacity in line with the project requirements?
- (f) Are there any incentives or penalties in place to ensure the project delivery on time and within the budget?
- (g) Are there any critical governance issues that may affect implementation? If yes, state briefly.
- (h) Are there any challenges related to cross-cutting issues to be addressed? If yes, a mitigation strategy would be suggested.
- (i) Others (if any).

Section 9: Risk (Uncertainty) and Sensitivity Analysis

Issues regarding uncertainty in flow of costs and benefits through out the project period should be taken into considerations. Guideline has to be formulated to stimulate different scenario and to reduce the risks in light of the relevant contractual clauses. The questions that need to be answered are:

- (a) What are the major risks that may affect project?
- (b) How will the project be affected if the risk event materialized?

- (c) What are the possible mitigation measures needed?
- (d) How sensitive are the assumptions used in the financial and economic models in an environment that differs significantly?
- (e) Are there any risks, legal and regulatory obligations that could increase costs or decrease the benefits? If there any, how much project implementation may be hampered or benefit of the project may be reduced?

Section 10: Alternative/Options Analysis

Option Analysis with recommendations & justifications. Technology and strategy recommended to achieve the goals and objectives of the proposed project should be described along with advantages and disadvantages considering various technologies and strategies applicable.

Section 11: Recommendation and Conclusion

Illustrate the solutions specifically to overcome the critical issues that may hinder the project implementation and that would be supported by different sections of analysis.

Section 12: Annexes

Attach detailed technical and engineering designs, plant prototypes designs etc. Financial & Economic models and any supporting documents.

উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)

অংশ-ক

প্রকল্পের সার-সংক্ষেপ

১. প্রকল্পের শিরোনাম :
- ২.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ :
- ২.২ বাস্তবায়নকারী সংস্থা :
- ২.৩ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-
বিভাগ :
৩. প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা :
৪. প্রকল্পের বাস্তবায়নকাল
(ক) শুরুর তারিখ :
